# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Chaitra 18, 1430 Bangla, April 01, 2024, Monday, No. 92, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina seeks further support from ADB to hasten socioeconomic advancement of Bangladesh. (VOA: 11)

AL GS Obaidul Quader indicates that the government would probe into whether BUET has turned into an epicentre of insurgency under the pretence of outlawing student politics. (VOA: 11)

Foreign Minister Dr Hasan Mahmud says, there is no glory portraying nation negatively in media, accused opposition of employing 'paid agents' to spread misinformation. (VOA: 10)

Miniter for Liberation affairs AKM Mozammel Haque cautions Facebook, Google & YouTube that, disregarding govt directives to avert propagation of "disinformation," might result in their services being temporarily discontinued. (Jago FM: 21)

SJSG of BNP, Ruhul Kabir Rizvi comments that former Inspector General of Police Benazir Ahmed was able to loot by pleasing the government. (R. Today: 15)

BNP Chairperson Begum Khaleda Zia is admitted to Evercare Hospital and being constantly monitored in CCU by physicians. (BBC: 6)

Manpower increases in police force, modern technology is added. But crime does not decrease. A new type of crime is being added to it. This time the youth gang has become a headache for the police. (DW: 13)

Tense situation continues in BUET campus centering the confrontation between BCL and protesting students on the issue of whether there will be student politics or not. (BBC: 3)

After 7 months of euphoria over the universal pension system, university teachers have changed their positions. (Jago FM: 23)

Due to the dollar crisis, banks are not showing interest in opening new student files. Students who want to go to abroad for study are facing trouble. (BBC: 7)

The bank loan interest rate has increased to more than 13 and a half percent. This is the highest interest rate on bank loans since last July. (Jago FM: 20)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048 44813179 | Assistant News Controller: 44813047 44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বাংলা ১৮ চৈত্র ১৪৩০, ১ এপ্রিল ২০২৪, রবিবার, নং-৯২, ৫৪তম বছর**

# শিরোনাম

বাংলাদেশে জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করতে এশীয় উন্নয়ন ব্যাংকের কাছ থেকে আরো বেশি সহায়তা প্রত্যাশা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (ভোয়াঃ ১১)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ছাত্ররাজনীতি বন্ধ করার নামে বুয়েটকে একটি জঙ্গিবাদের কারখানায় যেন পরিণত না করা হয় তা সরকার তদন্ত করে দেখছে। (ভোয়াঃ ১১)

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন দেশকে নেতিবাচকভাবে তুলে ধরার মধ্যে কোন কৃতিত্ব নেই; অভিযোগ করেন বিরোধী দলের কিছু 'পেইড এজেন্ট' অপপ্রচার চালানোর কাজ করছে। (ভোয়াঃ ১০)

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, সরকারের অভিযোগ আমলে না নিলে ফেসবুক, গুগল, ইউটিউবসহ সামাজিক যোগাযোগমাধ্যমগুলো প্রয়োজনে বন্ধ করে দেওয়া হবে। (জাগো এফএমঃ ২১)

সরকারকে খুশি করায় সাবেক পুলিশ মহাপরিদর্শক বেনজির আহমেদ লুটপাট করতে পেরেছেন বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। (রেডিও টুডেঃ ১৫)

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে রাজধানীর এভার কেয়ার হাসপাতালের সিসিইউতে রেখে চিকিৎসা দেয়া হচ্ছে। (বিবিসিঃ ৬)

পুলিশে জনবল বাড়ে, আধুনিক প্রযুক্তি যোগ হয়। কিন্তু অপরাধ কমে না। উল্টো বাড়ে। তার সঙ্গে যুক্ত হচ্ছে অপরাধের নতুন ধরন। আর এই সময়ে পুলিশের মাথা ব্যথা হয়ে উঠেছে কিশোর গ্যাং। (ডয়চে ভেলে: ১৩)

বুয়েট ক্যাম্পাসে ছাত্র রাজনীতি থাকবে কি থাকবে না, এই ইস্যুকে কেন্দ্র করে ছাত্রলীগ এবং বুয়েটের আন্দোলনকারী শিক্ষার্থীদের মুখোমুখি অবস্থান ও পাল্টাপাল্টি কর্মসূচিকে ঘিরে ক্যাম্পাসে রীতিমত থমথমে অবস্থা চলছে। (বিবিসিঃ ৩)

সর্বজনীন পেনশন ব্যবস্থা নিয়ে উচ্ছ্বাসের ৭ মাস পরই বিশ্ববিদ্যালয় শিক্ষকরা নিজেদের অবস্থান থেকে সরে এসেছেন। (জাগো এফএমঃ ২৩)

ডলার সংকটের কারণে ব্যাংকগুলো এখন নতুন করে স্টুডেন্ট ফাইল খুলতে খুব একটা আগ্রহ দেখাচ্ছে না। এতে বিপাকে পড়ছেন বিদেশে পড়তে যেতে ইচ্ছুক শিক্ষার্থীরা। (বিবিসিঃ ৭)

ব্যাংকঋণের সুদহার আরো বেড়ে সাড়ে ১৩ শতাংশ ছাড়িয়েছে। গত জুলাই মাসের পর ব্যাংক ঋণের ওপর সর্বোচ্চ সুদহার এটি। (জাগো এফএমঃ ২০)

# বিবিসি

## ছাত্রলীগ ও আন্দোলনকারীদের মুখোমুখি অবস্থানে থমথমে বুয়েট, রোববার যা যা ঘটল

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ক্যাম্পাসে ছাত্র রাজনীতি থাকবে কি থাকবে না, এই ইস্যুকে কেন্দ্র করে ক্ষমতাসীন দলের ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ এবং বুয়েটের আন্দোলনকারী শিক্ষার্থীদের মুখোমুখি অবস্থান ও পাল্টাপাল্টি কর্মসূচিকে ঘিরে রোববার ক্যাম্পাসে রীতিমত থমথমে অবস্থা দেখা গেছে। এদিন সকাল থেকেই বিশ্ববিদ্যালয় চত্বরে শিক্ষার্থীদের খুব একটা আনাগোনা দেখা যায়নি। এমন কি পূর্ব ঘোষণা অনুযায়ী, সকাল সাতটায় বুয়েটের শহীদ মিনার এলাকায় একত্রিত হওয়ার কথা থাকলেও বিকেল পর্যন্ত সেখানে আসেননি আন্দোলনকারী শিক্ষার্থীরা। পরে সন্ধ্যার দিকে তারা একটি সংবাদ সম্মেলন করেন, যেখানে আন্দোলনকারী শিক্ষার্থীদের পক্ষে তিনজন প্রতিনিধি লিখিত বক্তব্য পড়ে শোনান। সেখানে বলা হয় রোববার সকালে একত্রিত হওয়ার কথা থাকলেও নিরাপত্তাজনিত 'তীব্র শঙ্কার কারণে' আন্দোলনকারীরা কেউই ক্যাম্পাসে অবস্থান নেননি। আন্দোলন থেকে সরে আসার জন্য শনিবার রাত থেকেই একাধিক অপরিচিত নাম্বার থেকে ফোন করে নানান ধরনের হুমকি-ধামকি দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেছেন বুয়েটের আন্দোলনকারী শিক্ষার্থীরা। একই সাথে সামাজিক যোগাযোগ মাধ্যমে তাদের নামে বিভিন্ন 'অপপ্রচার' চালানো হচ্ছে বলেও অভিযোগ করেছেন তারা। "এমতাবস্থায় বুয়েট ক্যাম্পাস এবং আশেপাশের এলাকা বুয়েটের শিক্ষার্থীদের জন্য অনিরাপদ হয়ে পড়েছে", বলেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। এদিকে, বুয়েটে পুনরায় ছাত্র রাজনীতি চালুর দাবিতে বুয়েটের ঠিক পাশেই অবস্থিত কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতিবাদ সমাবেশ করেছে ছাত্রলীগ। দাবি আদায়ে প্রয়োজনে আদালত পর্যন্ত যাবেন বলে জানিয়েছেন সংগঠনটির সভাপতি সাদ্দাম হোসেন। "আদালত এবং রাজপথ দুই জায়গাতেই ছাত্রলীগ একই সাথে লড়বে। নিয়মতান্ত্রিক ছাত্র রাজনীতি প্রতিষ্ঠার মাধ্যমেই বাংলাদেশ ছাত্রলীগ বুয়েটে তাদের সাংগঠনিক কার্যক্রম আবারও শুরু করবে", বিবিসি বাংলাকে বলেন মি. হোসেন। অন্যদিকে, ছাত্র রাজনীতির ব্যাপারে শিক্ষক-শিক্ষার্থীরাই সিদ্ধান্ত নিবেন বলে জানিয়েছেন বুয়েটের উপাচার্য সত্য প্রসাদ মজুমদার। "শিক্ষক-শিক্ষার্থীরা (ছাত্র রাজনীতি নিষিদ্ধের) যে সিদ্ধান্ত নিয়েছিলেন, সেটা যদি পরিবর্তন করতে হয়, তাহলে তাদেরই আবার উদ্যোগী হতে হবে", সাংবাদিকদের বলেন মি. মজুমদার। নিরাপত্তা শঙ্কায় রোববার ক্যাম্পাসে অবস্থান নিতে না পারলেও দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন বুয়েটের আন্দোলনকারী শিক্ষার্থীরা। "নিরাপত্তাজনিত কারণে আজ ক্যাম্পাসে অবস্থান না নেওয়ার মানে এই নয় যে, বুয়েট শিক্ষার্থীরা তাদের দাবি থেকে সরে এসেছে", সাংবাদিকদের বলেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। তারা আরও বলেন, "আমরা শপথ করছি সকল রাজনৈতিক ও নিষিদ্ধ সংগঠন থেকে বুয়েটকে মুক্ত রাখার। আমরা আবরার ফাহাদ ভাইয়ের রক্ত বৃথা যেতে দিব না।"

এদিকে, আন্দোলনের মধ্যে রোববার বুয়েটের বেশির ভাগ বিভাগেই ক্লাস-পরীক্ষায় অংশ নেননি সাধারণ শিক্ষার্থীরা। "এ থেকেই শিক্ষার্থীদের সম্মিলিত নৈতিক অবস্থান ক্যাম্পাসে পুনরায় ছাত্র রাজনীতি প্রতিষ্ঠার বিরুদ্ধে কতটুকু সুদৃঢ়, তা সুস্পষ্টভাবে প্রমাণিত হয়", বলেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। তবে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে দাবি পূরণের আশ্বাস এবং আন্দোলনকারী শিক্ষার্থীদের নিরাপত্তার নিশ্চয়তা দেওয়া হলে শিগগিরই ক্লাসে ফিরে যাবেন বলে জানিয়েছেন তারা। "ক্যাম্পাসের রাজনীতি মুক্ত থাকা, অপশক্তির কবল থেকে মুক্ত থাকা এবং নিরাপত্তার নিশ্চয়তা পেলে আমরা সকল ব্যাচের শিক্ষার্থী অনতিবিলম্বে আমাদের একাডেমিক কার্যক্রমে ফেরত যাব", সাংবাদিকদের বলেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। আন্দোলনকারীদের সঙ্গে নিষিদ্ধ ঘোষিত হিযবুত তাহরীরের সংশ্লিষ্টতার বিষয়ে যেসব অভিযোগ তোলা হয়েছে, সেগুলো সত্য নয় বলে জানিয়েছেন আন্দোলনকারীরা। "আমরা হিযবুত তাহরীরের নিঃসন্দেহে সম্পূর্ণ বিপক্ষে এবং এ জাতীয় অপশক্তির উত্থান যেন বুয়েটে না হয় এজন্য আমরা দৃঢ়প্রতিজ্ঞ", রোববার সংবাদ সম্মেলনে বলেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। আন্দোলনকারীদের সাথে জামায়াত-শিবিরের কোনো সম্পর্ক নেই বলেও জানিয়েছেন তারা। "যদি এরকম কোনও শিক্ষার্থীর শিবির সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া যায়, তাহলে আমরা তাৎক্ষণিক তাদের বহিষ্কারের দাবি জানাব", সাংবাদিকদের বলেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। বুয়েটে আবারও ছাত্র রাজনীতি ফিরিয়ে আনার দাবিতে রোববার সকাল থেকে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতিবাদ সমাবেশ করেছে বাংলাদেশ ছাত্রলীগ। সেখানে সংগঠনের সভাপতি সাদ্দাম হোসেন বলেন, "ছাত্র-রাজনীতি নিষিদ্ধ থাকার নাটক বাংলাদেশ থেকে বন্ধ করতে হবে।" তিনি আরও বলেন, "আমরা আজ এখানে মৌলিক অধিকার প্রতিষ্ঠার জন্য লড়াই করছি। বুয়েটের এই সিদ্ধান্ত মৌলিক অধিকার পরিপন্থী, সংবিধান পরিপন্থী, শিক্ষাবিরোধী সিদ্ধান্ত।" এ সময় ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির নেতা ও বুয়েট শিক্ষার্থী ইমতিয়াজ হোসেনের সিট বাতিলের সিদ্ধান্ত তুলে নেওয়ার দাবিও জানান মি. হোসেন। সমাবেশ শেষে দুপুরে ছাত্রলীগের নেতাকর্মীরা মৌন মিছিল নিয়ে বুয়েট ক্যাম্পাসে প্রবেশ করেন। এসময় বুয়েটের সাধারণ শিক্ষার্থীদের মধ্যে কিছুটা ভীতির সঞ্চার হয়। যদিও ক্যাম্পাসের শহিদ মিনার প্রাঙ্গণে শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে তারা বুয়েট ক্যাম্পাস ত্যাগ করেন। শিক্ষক-শিক্ষার্থীরা চাইলে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ক্যাম্পাসে আবারও ছাত্র রাজনীতি করার অনুমতি দেওয়া হবে বলে জানিয়েছেন উপাচার্য সত্য প্রসাদ মজুমদার। তিনি বলেন, "রাজনীতি না করলে শিক্ষার্থীদের চোখ খুলবে না, দেশের প্রতি তাদের

প্রেম আসবে না। এই বিষয়গুলো তারা (শিক্ষার্থী ও শিক্ষক) চিন্তা করে যদি সিদ্ধান্ত নেয়, তাহলে (ছাত্র) রাজনীতি ওপেন হতে পারে।" ২০১৯ সালে বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদকে হত্যার ঘটনার পর আন্দোলনের মুখে বুয়েট ক্যাম্পাসে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করা হয়। "তখন যে পরিস্থিতি সৃষ্টি হয়েছিল, সেই পরিস্থিতির উপর ভিত্তি করে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। শিক্ষক-শিক্ষার্থীরা যে সিদ্ধান্ত নিয়েছিলেন, সেটা যদি পরিবর্তন করতে হয়, তাহলে তাদেরই আবার উদ্যোগী হতে হবে," বলেন মি. মজুমদার। রোববার দুপুরে বুয়েটে নিজ কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মি. মজুমদার এসব কথা বলেন। সে সময় তিনি আরও বলেন, "প্রশাসনের পক্ষ থেকে আমরা রাজনীতি করতেই হবে, এমন তো কাউকে জোর করতে পারব না। তারা যদি নিজ থেকে উদ্যোগ নেয় যে আমরা শিখতে চাই, করতে চাই, প্র্যাকটিস করতে চাই, অন্যান্য বিশ্ববিদ্যালয়ে আছে, আমরাও করতে চাই ... তাদের যদি সিদ্ধান্ত হয় তাহলে তারা চালু করতে পারে, এটা তাদের গণতান্ত্রিক অধিকার", সাংবাদিকদের বলেন উপাচার্য মি. মজুমদার। ২০১৯ সালে আবরার ফাহাদ নামে এক শিক্ষার্থীকে পিটিয়ে হত্যা করে বুয়েট ছাত্রলীগের নেতাকর্মীরা। পরে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে ছাত্র রাজনীতি নিষিদ্ধ হয় বুয়েটে। এরপর গত কয়েক বছরে ক্যাম্পাসে ছাত্র রাজনীতির কার্যক্রম বন্ধ ছিল।

আন্দোলনরত শিক্ষার্থীরা বিবিসি বাংলাকে জানান, গত ২৮ মার্চ রাত ১টার দিকে সাধারণ শিক্ষার্থীরা জানতে পারেন বুয়েটে ছাত্রলীগের বেশ কজন শীর্ষস্থানীয় নেতা এসেছেন এবং তাঁরা ক্যাম্পাসের মেইন গেট দিয়ে ভেতরে ঢুকেছেন। শিক্ষার্থীদের দাবি, সেখানে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেন-সহ বেশ কয়েকজন নেতা-কর্মী ছিলেন। তারা ক্যাম্পাসে ঢোকার পর তাদের ফুল দিয়ে বরণ করা হয়। সেখানে সংক্ষিপ্ত একটি অনুষ্ঠানও হয়। চতুর্থ বর্ষের এক ছাত্রী বিবিসি বাংলাকে বলেন, "ছাত্রলীগের নেতাকর্মীদের ক্যাম্পাসে অনুপ্রবেশ বিশ্ববিদ্যালয়ের নিয়মের বাইরে। আমরা নিজেরাই সাড়ে দশটার পর ক্যাম্পাসে ঢুকতে পারি না। ওখানে তারা ঢুকে কীভাবে এমন একটি প্রোগ্রাম করল? শিক্ষার্থীরা বলছেন, ছাত্রলীগ মধ্যরাতে বুয়েট ক্যাম্পাসে অনানুষ্ঠানিকভাবে যে শোডাউন ও প্রোগ্রাম করেছে সেখানে সাধারণ কিছু শিক্ষার্থীও ছিল। বুয়েটের যে সব শিক্ষার্থীদের সাথে বিবিসি বাংলার কথা হয়েছে তারা কেউই নিরাপত্তার স্বার্থে তাদের নাম প্রকাশ করতে রাজি হননি। তারা জানান, ওই দিন রাত একটার পর থেকে একের পর এক বহিরাগত রাজনৈতিক নেতা-কর্মী মোটরসাইকেল, প্রাইভেট কার নিয়ে ক্যাম্পাসের মেইন গেটের সামনে আসতে থাকে। তারা অনায়াসে ক্যাম্পাসে প্রবেশ করতে থাকে। বহিরাগত-সহ ছাত্রলীগের কেন্দ্রীয় নেতারা যখন আসছিলেন তখন সেখানে তাদের বিশাল একদল সমর্থক হাতে ফুলের তোড়া নিয়ে ক্যাম্পাসে রাত ২টার পর ঢুকতে থাকে বলে শনিবার সংবাদ সম্মেলনে অভিযোগ করেন আন্দোলনরত সাধারণ শিক্ষার্থীরা। চতুর্থ বর্ষের এক শিক্ষার্থী বিবিসি বাংলাকে বলেন, "এত বড় একটা ঘটনার পর ছাত্রলীগ আবারো ক্যাম্পাসে রাজনীতি ফিরিয়ে আনার চেষ্টা করছে। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন আমাদের নিরাপত্তা নিশ্চিত করতে পারেনি। প্রশাসনের অগোচরে কীভাবে একটি সংগঠন এতো রাতে এ ধরনের প্রোগ্রাম করে?" শনিবার বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনারের পাদদেশে আন্দোলনরত শিক্ষার্থীরা বলেন, "মধ্যরাতে বহিরাগত রাজনৈতিক সংশ্লিষ্ট ব্যক্তিদের এমন দাপটসহ প্রবেশ কর্তৃপক্ষ ও ডিএসডাব্লিউর দৃষ্টির অগোচরে হওয়া অসম্ভব। ঘটনার দেড় দিন পরও ছাত্রকল্যাণ পরিচালক (ডিএসডাব্লিউ) থেকে ওই ঘটনার সঙ্গে সম্পর্কিত কোনো সদুত্তর এবং জবাবদিহি সাধারণ শিক্ষার্থীদের কাছে আসেনি" বলে জানান তারা। (বিবিসি ওয়েব পেজ:৩১.০৩.২০২৪ রিহাব)

## মধ্যরাতে ছাত্রলীগের উপস্থিতি নিয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ, বুয়েটে যা ঘটছে

ছাত্ররাজনীতি ইস্যুতে আবারো উত্তপ্ত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। সাড়ে চার বছর আগে ছাত্রলীগের কর্মীদের হাতে এক ছাত্র নিহত হওয়ার শিক্ষার্থীদের তীব্র আন্দোলনে রাজনীতি নিষিদ্ধ হয় বুয়েটে। এতদিন পর হঠাৎই আবার একই দাবিতে উত্তপ্ত হয়ে উঠেছে বুয়েট ক্যাম্পাস। শিক্ষার্থীরা বলছেন, ক্যাম্পাসে ছাত্ররাজনীতি নিষিদ্ধ থাকলেও গত বুধবার মধ্যরাতে আবারো ছাত্রলীগের সদস্যরা বহিরাগতদের নিয়ে এসে ক্যাম্পাসে প্রোগ্রাম করেছে। যে কারণে ক্লাস পরীক্ষা বর্জন করে আন্দোলনে নেমেছেন তারা। এ ঘটনার পরদিনই ক্যাম্পাসে আন্দোলন শুরু করে শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয় প্রশাসনকে ছয় দফা দাবি বাস্তবায়নে আল্টিমেটাম দেয় তারা। এ দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত ক্লাস পরীক্ষা বর্জন চালিয়ে যাওয়ার কথাও জানিয়েছেন শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয় প্রশাসনের বক্তব্য হচ্ছে, শিক্ষার্থীদের কিছু দাবি তারা মেনেছেন। একই সাথে ঐদিন কী ঘটেছিলো তা তদন্তে তারা কমিটিও গঠন করেছেন। কমিটির রিপোর্ট পেয়ে তারা ব্যবস্থা নেবেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার শনিবার দুপুরে সংবাদ সম্মেলন করে বলেন, "ছাত্রদের দাবির বিষয়ে ভিডিও ফুটেজ দেখে ব্যবস্থা নেয়া হবে। নিয়ম অনুযায়ী অভিযুক্তদের শাস্তি দেওয়া হবে।" যদিও শিক্ষার্থীদের বক্তব্য এই দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলনের মাঠ ছাড়ছেন না তারা। শনিবার দিনভর বিক্ষোভের পর শিক্ষার্থীরা রোববার সকাল থেকে আবারো আন্দোলন কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন। এর জবাবে ছাত্রলীগ বলছে, শিক্ষার্থীদের একটি অংশ ঘোলা পানিতে মাছ শিকার করতে এ ধরনের আন্দোলন করছে। এই আন্দোলন স্বাধীনতার বিপক্ষ শক্তির আন্দোলন বলেও মনে করে ছাত্রলীগ। ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান বিবিসি বাংলাকে বলেন, "ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন সেহরি খেতে যাওয়ার পথে বুয়েট ক্যাম্পাসে দাঁড়িয়েছিলেন। বুয়েট ক্যাম্পাসে দাঁড়িয়ে থাকা তো কোন অপরাধ হতে পারে না। এটা

তো কোন রাজনৈতিক কর্মসূচিও নয়।" ২০১৯ সালে আবরার ফাহাদ নামে এক শিক্ষার্থীকে পিটিয়ে হত্যা করে বুয়েট ছাত্রলীগের নেতাকর্মীরা। পরে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে ছাত্ররাজনীতি নিষিদ্ধ হয় বুয়েটে। এরপর গত কয়েক বছরে ক্যাম্পাসে ছাত্র রাজনীতির কার্যক্রম বন্ধ ছিল। আন্দোলনরত শিক্ষার্থীরা বিবিসি বাংলাকে জানান, গত ২৮শে মার্চ রাত ১টার দিকে সাধারণ শিক্ষার্থীরা জানতে পারেন বুয়েটে ছাত্রলীগের বেশ কজন শীর্ষস্থানীয় নেতা এসেছেন এবং তাঁরা ক্যাম্পাসের মেইন গেট দিয়ে ভেতরে ঢুকেছেন। শিক্ষার্থীদের দাবি, সেখানে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেনসহ বেশ কয়েকজন নেতাকর্মী ছিলেন। তারা ক্যাম্পাসে ঢোকার পর তাদের ফুল দিয়ে বরণ করা হয়। সেখানে সংক্ষিপ্ত একটি অনুষ্ঠানও হয়। চতুর্থ বর্ষের এক ছাত্রী বিবিসি বাংলাকে বলেন, "ছাত্রলীগের নেতাকর্মীদের ক্যাম্পাসে অনুপ্রবেশ বিশ্ববিদ্যালয়ের নিয়মের বাইরে। আমরা নিজেরাই সাড়ে দশটার পর ক্যাম্পাসে ঢুকতে পারি না। ওখানে তারা ঢুকে কীভাবে এমন একটি প্রোগ্রাম করল? শিক্ষার্থীরা বলছেন, ছাত্রলীগে মধ্যরাতে বুয়েট ক্যাম্পাসে অনানুষ্ঠানিকভাবে যে শোডাউন ও প্রোগ্রাম করেছে সেখানে সাধারণ কিছু শিক্ষার্থীও ছিল। বুয়েটের যে সব শিক্ষার্থীদের সাথে বিবিসি বাংলার কথা হয়েছে তারা কেউ তাদের নাম প্রকাশ করতে রাজি হননি নিরাপত্তার স্বার্থে। তারা জানান, ওই দিন রাত একটার পর থেকে একের পর এক বহিরাগত রাজনৈতিক নেতাকর্মী মোটরসাইকেল, প্রাইভেট কার নিয়ে ক্যাম্পাসের মেইন গেটের সামনে আসতে থাকে। তারা অনায়াসে ক্যাম্পাসে প্রবেশ করতে থাকে।

বহিরাগতসহ ছাত্রলীগের কেন্দ্রীয় নেতারা যখন আসছিলেন তখন সেখানে বিশাল একটি বহর হাতে ফুলের তোড়া নিয়ে ক্যাম্পাসে রাত ২টার পর ঢুকতে থাকে বলে শনিবার সংবাদ সম্মেলনে অভিযোগ করেন আন্দোলনরত সাধারণ শিক্ষার্থীরা। চতুর্থ বর্ষের এক শিক্ষার্থী বিবিসি বাংলাকে বলেন, "এত বড় একটা ঘটনার পর ছাত্রলীগ আবারো ক্যাম্পাসে রাজনীতি ফিরিয়ে আনার চেষ্টা করছে। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন আমাদের নিরাপত্তা নিশ্চিত করতে পারেনি। প্রশাসনের অগোচরে কীভাবে একটি সংগঠন এতো রাতে এ ধরনের প্রোগ্রাম করে?" শনিবার বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনারের পাদদেশে আন্দোলনরত শিক্ষার্থীরা বলেন, "মধ্যরাতে বহিরাগত রাজনৈতিক সংশ্লিষ্ট ব্যক্তিদের এমন দাপটসহ প্রবেশ কর্তৃপক্ষ ও ডিএসডাব্লিউর দৃষ্টির অগোচরে হওয়া অসম্ভব। ঘটনার দেড় দিন পরও ছাত্রকল্যাণ পরিচালক (ডিএসডাব্লিউ) থেকে ওই ঘটনার সঙ্গে সম্পর্কিত কোনো সদুত্তর এবং জবাবদিহি সাধারণ শিক্ষার্থীদের কাছে আসেনি।" এ ঘটনার পরই বুয়েটে বর্তমানে চলমান পাঁচটি ব্যাচের শিক্ষার্থীদের মধ্যে সমালোচনার ঝড় ওঠে। প্রতিটি ব্যাচ আলাদাভাবে নিজেদের মধ্যে আলোচনার পর তা অন্যান্য ব্যাচের সামনে তুলে ধরে। শেষে সব ব্যাচ কিছু সম্মিলিত সিদ্ধান্ত নেয় ও দাবি তোলে। প্রতিবাদে শিক্ষার্থীরা শুক্রবার বিকেল থেকে আন্দোলনে নামে। শুক্রবার বিকেলে পাঁচ দফা দাবিতে নিয়ে আন্দোলন শুরু করে। সেখান থেকে শনিবার ও রোববার তারা পরীক্ষাসহ সব অ্যাকাডেমিক কার্যক্রম বর্জনের ঘোষণা দিয়েছেন। শুক্রবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনার থেকে শুরু হয়ে চলে রাত আটটা পর্যন্ত। পরে কর্মসূচি স্থগিত হয় শনিবার সকাল ৭টা পর্যন্ত। শনিবার সকাল ৭টায় বুয়েটের শহিদ মিনারের ফটকে আবারো জড়ো হন শিক্ষার্থীরা। পরে বিক্ষোভ মিছিল নিয়ে তারা যান প্রশাসনিক ভবনের সামনে। সকাল ৭টা থেকে শুরু হয়ে অবস্থান চলে চলে দুপুর ১২ টা পর্যন্ত। এই কর্মসূচিতে অংশ নিয়ে অসুস্থ হয়ে পড়েন অনেক।

সমাবেশে লিখিত বক্তব্যে বক্তারা বলেন, বুয়েট দেশের সবচেয়ে সমাদৃত ও শীর্ষস্থানীয় একটি শিক্ষা প্রতিষ্ঠান। ২০১৯ সালের ৭ অক্টোবর আবরার ফাহাদ হত্যার ঘটনার পর বুয়েটে ছাত্ররাজনীতি নিষিদ্ধ হয়। তারপর বুয়েট বাংলাদেশের সবচেয়ে নিরাপদ ক্যাম্পাসে রূপ নেয়। চতুর্থ বর্ষের আন্দোলনরত এক শিক্ষার্থী বিবিসি বাংলাকে বলেন, "মূলত এই ঘটনায় উদ্বেগ জানিয়ে আমরা আমাদের কর্মসূচি পালন করছি। ওই দাবিগুলো পূরণ না হওয়া পর্যন্ত আমরা আমাদের আন্দোলন চালিয়ে যাবো"। এসময় তারা মধ্যরাতে রাজনৈতিক সমাগমের মূল সংগঠকদের বুয়েট থেকে স্থায়ী বহিষ্কার এবং হলের (আসন) বাতিলসহসহ ছয় দফা দাবি জানায়। এসব দাবির মধ্যে আরও আছে, বহিরাগত যে সব রাজনৈতিক সংগঠনে জড়িতরা ক্যাম্পাসে ঢুকেছে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া, তারা কীভাবে ক্যাম্পাসে প্রবেশ করেছে- তার ব্যাখ্যা দেয়া এবং আন্দোলনরত শিক্ষার্থীদের বিরুদ্ধে হয়রানিমূলক কোনো ব্যবস্থা না নেয়া প্রতিশ্রুতি দেয়া। আন্দোলনরত এক বুয়েট শিক্ষার্থী বিবিসি বাংলাকে বলেন, "দাবি পূরণ না হওয়া পর্যন্ত আমরা কোন ধরনের অ্যাকাডেমিক কার্যক্রমে অংশগ্রহণ করবো না। এই সবগুলো দাবি পূরণ না হলে আমরা আমাদের কর্মসূচি চালিয়ে যাবো।" গত দু'দিনে বুয়েটের সাধারণ শিক্ষার্থীরা যে আন্দোলন করছেন তাতে প্রায় সবগুলো ব্যাচের শিক্ষার্থীরাই অংশ নিয়েছিলো। এই আন্দোলনের কারণে শিক্ষার্থীরা চূড়ান্ত পর্ব-সহ শনি ও রবিবারের সব ধরনের পরীক্ষা স্থগিত করেছে। ২০১৯ সালের ৭ অক্টোবর ছাত্রলীগের কর্মীদের হাতে বুয়েটের ছাত্র আববার ফাহাদ নিহত হওয়ার পর চার বছরেরও বেশি সময় পার হয়েছে। ঐ সময় উত্তাল আন্দোলনের প্রেক্ষিতে বুয়েটে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করতে বাধ্য হয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। এরপর কেটে গেছে প্রায় সাড়ে ৪ বছর। হত্যাকাণ্ডের দুই বছর পর ২০২১ সালের ৮ই ডিসেম্বর আবরার ফাহাদকে হত্যার দায়ে মৃত্যুদণ্ডে দণ্ডিত হয়েছেন ২০ জন ও যাবজ্জীবন কারাদণ্ড পেয়েছেন পাঁচ জন।

গত শুক্রবার থেকে সাধারণ শিক্ষার্থীরা যে আন্দোলন করছে সেখানে অনেক প্ল্যাকার্ডে আবরারকে স্মরণ করতে দেখা গেছে। সেখানে কারো হাতে ছিলো আবরারের ছবি, তাদের কারো প্ল্যাকার্ডে লেখা ছিল- 'আবরার ভাইয়ের রক্ত, বৃথা

যেতে দেবো না'। কারো কারো প্ল্যাকার্ডে লেখা ছিল, 'নো স্টুডেন্ট পলিটিক্স ইন বুয়েট'। শিক্ষার্থীদের অনেকেই আবার 'রক্তের দাগ শুকায় নাই'সহ নানা ধরনের প্রতিবাদী শ্লোগানে প্রতিবাদ করতে দেখা গেছে। ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান বিবিসি বাংলাকে বলেন, "বুয়েটে দুইটি ধারা স্পষ্ট আমরা দেখছি। তার একটি হচ্ছে মৌলবাদী ধারা আরেকটি হচ্ছে স্বাধীনতার স্বপক্ষ শক্তি। মৌলবাদী ধারাটি বিষয়টিকে ভিন্ন খাতে প্রবাহিত করে ঘোলা পানিতে মাছ শিকারের চেষ্টা করছে।" তিনি বলেন, "আমরা চাই বুয়েটে সুস্থ সুন্দর একটি সার্বিক শিক্ষার পরিবেশ নিশ্চিত হোক। ক্যাম্পাস মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তির প্রতিচ্ছবি হয়ে প্রস্ফুটিত হোক।" সাধারণ শিক্ষার্থীদের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ পরিচালকের পদত্যাগ দাবি করা হলেও বুয়েট উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার বলছেন, এই ঘটনায় কোন ভাবেই দায়ী নন, ছাত্রকল্যাণ পরিচালক। তাই তাকে অব্যাহতি দেয়া হবে না বলেও জানান তিনি। মধ্যরাতে বুয়েটে ক্যাম্পাসে ছাত্রলীগের কেন্দ্রীয় নেতাদের প্রবেশের ঘটনায় মূল অভিযুক্ত শিক্ষার্থীর হলের সিট বাতিল করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। শুক্রবার রাতে বুয়েটের রেজিস্টার অধ্যাপক ড. মো. ফোরকান উদ্দিন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। তার সিট বাতিলের কথা উল্লেখ করে বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, এছাড়া সার্বিক বিষয়ে তদন্ত পূর্বক সুপারিশ প্রদান করার জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হবে। তদন্ত কমিটির রিপোর্ট পাওয়ার পর বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর টার্ম বা সেমিস্টার ফাইনালসহ সব অ্যাকাডেমিক কার্যক্রম চলমান থাকবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়। শনিবার দুপুরে সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার বলেন, "মূল অভিযুক্ত ইমতিয়াজ হোসেনকে হল থেকে বহিষ্কার করা আমার এখতিয়ারে আছে। টার্ম থেকে বহিষ্কার করতে একাডেমিক কাউন্সিল ও ডিসিপ্লিনারি কমিটির মাধ্যমে হতে হবে"। এই ঘটনা তদন্তে ছয় সদস্যের একটি কমিটি গঠন করার কথা জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এই কমিটিকে আগামী ৮ই এপ্রিলের মধ্যে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সংবাদ সম্মেলনে জানান, তদন্ত কমিটির রিপোর্ট ও সব প্রক্রিয়া না মেনে কোন ধরনের ব্যবস্থা নিলে সেটি কোর্টে টিকবে না। তাই তারা যথাযথ প্রক্রিয়া মেনেই পদক্ষেপ নেবেন।
(বিবিসি ওয়েব পেজ:৩১.০৩.২০২৪ রিহাব)

## অসুস্থ খালেদা জিয়াকে গভীর রাতে ঢাকার হাসপাতালে নেয়া হলো

বাংলাদেশের অন্যতম প্রধান বিরোধী দল বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়াকে শনিবার দিবাগত গভীর রাতে ঢাকার একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে তার প্রেস উইং থেকে জানানো হয়েছে। রাত দুইটা পঞ্চাশ মিনিটে গণমাধ্যমে পাঠানো বার্তায় জানানো হয় যে, চিকিৎসকদের পরামর্শে হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষার জন্য বেগম খালেদা জিয়া রাত দুইটা ত্রিশ মিনিটে বাসা থেকে রওনা হন। পরে রাত তিনটা নাগাদ তাকে ওই হাসপাতালে ভর্তি করা হয়। অনেক দিন ধরেই চিকিৎসাধীন খালেদা জিয়ার শারীরিক অবস্থার অবনতি ঘটলে তার নিজস্ব মেডিকেল বোর্ডের সদস্যরা গুলশানের বাসায় গিয়ে তার স্বাস্থ্য পরিস্থিতি পর্যালোচনা করেন। এরপর রাতেই তাকে হাসপাতালে নেয়ার সিদ্ধান্ত হয় বলে দলীয় সূত্র জানিয়েছে। মিসেস জিয়া দীর্ঘদিন ধরেই লিভার ও হার্টের সমস্যা, আর্থাইটিস, ফুসফুস, ডায়াবেটিস এবং চোখের সমস্যাসহ নানা ধরনের অসুস্থতার চিকিৎসা নিচ্ছেন। তার দল বিএনপি বিদেশে তার উন্নত চিকিৎসার সুযোগ দেওয়ার দাবি করে আসছে দীর্ঘদিন ধরে এবং এ জন্য নানা কর্মসূচিও পালন করেছে। সরকারের কাছে খালেদা জিয়ার পরিবার থেকেও কয়েক দফা আবেদন করা হয়েছে। তবে সরকার তাতে সাড়া দেয়নি। চলতি মাসের শুরুতেও মিসেস জিয়ার স্থায়ী মুক্তি ও উন্নত চিকিৎসার জন্য বিদেশে নেয়ার অনুমতি চেয়ে আবারো স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন করেছিলো তার পরিবার। প্রসঙ্গত, খালেদা জিয়া ২০১৮ সালের ৮ই ফেব্রুয়ারি জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় পাঁচ বছরের সাজা মাথায় নিয়ে কারাবন্দি হয়েছিলেন। পরবর্তীতে সেই সাজা বাড়িয়ে দশ বছর করে হাইকোর্ট। পরে জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতির মামলাতেও তাকে কারাদণ্ড দেয়া হয়। এর দুই বছর পর ২০২০ সালের মার্চ মাসে তাকে বিদেশে না যাওয়া এবং নিজ বাসায় থেকে চিকিৎসা নেয়া- এই দুই শর্তে কারাগার থেকে নির্বাহী আদেশে সাময়িক মুক্তি দেয়া হয়।

পরবর্তীতে কয়েক দফায় সেই মুক্তির মেয়াদ বাড়িয়েছে সরকার। ২০১৮ সালে আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হওয়ার পর প্রায় দুই বছর জেলেই ছিলেন বাংলাদেশের সাবেক এই প্রধানমন্ত্রী। এরপর করোনা মহামারির সময়ে তার দণ্ড স্থগিত করে নির্বাহী আদেশে তাকে শর্তযুক্ত মুক্তি দিয়েছিলো সরকার। এরপর বাসায় থেকেই চিকিৎসা নিচ্ছিলেন তিনি। এক পর্যায়ে অসুস্থতা বেড়ে গেলে তাকে দফায় দফায় হাসপাতালেও ভর্তি করা হয়। দুই হাজার একুশ সালের এপ্রিলে করোনায় আক্রান্ত হয়ে চিকিৎসা নিয়েছিলেন তিনি। সে বছরেরই ২৮শে নভেম্বর তার চিকিৎসকরা ঢাকায় গণমাধ্যমকে জানিয়েছিলেন, খালেদা জিয়া লিভার সিরোসিসে আক্রান্ত হয়েছেন। এরপর টানা দুই মাস একুশ দিন হাসপাতালে চিকিৎসাধীন থাকার পর ২০২২ সালের পহেলা ফেব্রুয়ারি গুলশানের বাসায় ফিরেছিলেন তিনি। পরে আবার অসুস্থ হয়ে পড়লে ওই বছরের জুনেই হাসপাতালে নিয়ে তার এনজিওগ্রাম করানো হয় এবং এরপর তার আর্টারিতে একটি রিং স্থাপন করার তথ্য জানান তার চিকিৎসকরা। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর তখন এক সংবাদ

সম্মেলনে বলেছিলেন মিসেস জিয়ার মাইল্ড হার্ট অ্যাটাক হয়ে গেছে ও পরে হাসপাতালেই তার শ্বাসকষ্ট দেখা দিয়ে ছিল। পরে কিছুটা সুস্থ হয়ে আবার বাসায় ফিরলেও চিকিৎসকদের তত্ত্বাবধানেই ছিলেন তিনি। ওই বছরের অগাস্টে আবার তাকে দুদিনের জন্য হাসপাতালে ভর্তি করাতে হয়। গত বছরও বিভিন্ন সময়ে নানা জটিলতার কারণে তাকে হাসপাতালে ভর্তি করাতে হয়েছিলো। বিশেষ করে গত বছরের নয়ই আগস্ট হাসপাতালে ভর্তি হয়ে একনাগাড়ে পাঁচ মাসের বেশি সময় চিকিৎসাধীন থেকে চলতি বছরের জানুয়ারিতে বাসায় ফিরেন তিনি। এর মধ্যে গত অক্টোবরেই তার রক্তনালীতে অস্ত্রোপচার করা হয়। এসময় যুক্তরাষ্ট্র থেকে তিনজন চিকিৎসককে এনেছিল তার দল। সবশেষ গত তেরোই মার্চ স্বাস্থ্য পরীক্ষার জন্য হাসপাতালে নেয়ার পরদিন তিনি বাসায় ফিরেছিলেন।

(বিবিসি ওয়েব পেজ:৩১.০৩.২০২৪ রিহাব)

## ডলার সংকটে বিদেশে পড়তে যাওয়ার ক্ষেত্রে যেসব সমস্যায় পড়ছেন শিক্ষার্থীরা

বিদেশে পড়তে যাওয়ার জন্য স্টুডেন্ট ফাইল খুলতে তিন সপ্তাহেরও বেশি সময় ধরে ব্যাংকে ব্যাংকে ঘুরেছেন আহনাফ আহমেদ। মি. আহমেদ সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের একটি বিশ্ববিদ্যালয় থেকে ভর্তির ডাক পেয়েছেন। কিন্তু ব্যাংকে স্টুডেন্ট ফাইল খুলতে না পারায় বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও বেতনের অর্থ জমা দিতে পারছিলেন না তিনি। "এত দৌড়াদৌড়ি করার পরও কোনো ব্যাংক স্টুডেন্ট ফাইল খুলতে রাজি হয়নি। শেষে প্রভাবশালী এক আত্মীয়ের তদবিরে বেসরকারি একটি ব্যাংকে ফাইল খুলতে সক্ষম হয়েছি", বিবিসি বাংলাকে বলছিলেন মি. আহমেদ। পড়াশোনার উদ্দেশ্যে বাংলাদেশ থেকে প্রতিবছর হাজার হাজার শিক্ষার্থী বিদেশে পাড়ি জমান। এক্ষেত্রে যাওয়ার আগেই তাদেরকে ভর্তি ফি, বেতনসহ পড়াশোনার খরচের বড় একটি অংশ আগেই ডলারের হিসেবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাতে হয়। সরকারি-বেসরকারি বিভিন্ন ব্যাংকে একটি বিশেষ হিসাব খোলার মাধ্যমে শিক্ষার্থীরা বিদেশের এসব ফি পরিশোধ করে থাকে, যেটি স্টুডেন্ট ফাইল নামেই বেশি পরিচিত। কিন্তু ডলার সংকটের কারণে ব্যাংকগুলো এখন নতুন করে স্টুডেন্ট ফাইল খুলতে খুব একটা আগ্রহ দেখাচ্ছে না। এতে বিপাকে পড়ছেন বিদেশে পড়তে যেতে ইচ্ছুক শিক্ষার্থীরা। স্টুডেন্ট ফাইল না খোলার জন্য ব্যাংকগুলোর কোনো কোনোটি কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনার দোহায় দিচ্ছে বলেও অভিযোগ করছেন কেউ কেউ। "ফাইল না খোলার কারণ সম্পর্কে জানতে চাইলে কয়েকটি ব্যাংক আমাকে বলেছে যে, ডলারের সংকট থাকায় বাংলাদেশ ব্যাংকের নির্দেশেই তারা নতুন ফাইল খুলছেন না", বিবিসি বাংলাকে বলেন হাসিবুর রহমান নামের একজন শিক্ষার্থী। যদিও বাংলাদেশ ব্যাংক বলছে, তাদের পক্ষ থেকে এ ধরনের কোনো নির্দেশনা দেওয়া হয়নি। ভর্তি ফি পাঠানোর পর বিদেশে থাকা-খাওয়ার জন্যও ডলার নেওয়ার প্রয়োজন হয় শিক্ষার্থীদের। এক্ষেত্রে কেউ কেউ ক্রেডিট কার্ড ব্যবহার করলেও শিক্ষার্থীদের অনেকেই পাসপোর্টে এনডোর্সের মাধ্যমে বিদেশে ডলার নিয়ে থাকেন।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী, একজন প্রাপ্তবয়স্ক নাগরিক বিদেশ যাওয়ার সময় এক বছরে সর্বোচ্চ ১২ হাজার ডলার এনডোর্স করতে পারেন। যদিও একজন ব্যক্তি একবারে নগদ পাঁচ হাজার ডলারের বেশি সঙ্গে নিতে পারেন না। কিন্তু সংকটের কারণে কোনো কোনো ব্যাংক এখন পাঁচশ ডলারের বেশি এনডোর্স করছে না বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। "আমার যেখানে অন্তত: তিন হাজার ডলার সঙ্গে নেওয়া প্রয়োজন, সেখানে পাঁচশ ডলার নিয়ে আমি কী করবো?", বিবিসি বাংলাকে বলেন উচ্চশিক্ষায় বিদেশে যেতে ইচ্ছুক একজন শিক্ষার্থী। নাম প্রকাশে অনিচ্ছুক ওই শিক্ষার্থী এটাও জানিয়েছেন যে, অন্য ব্যাংকগুলোতে চেষ্টা করে ব্যর্থ হলে শেষমেশ হুন্ডির মতো অবৈধ পথেই হয়ত তাকে বিদেশে অর্থ নিয়ে যেতে হবে। এছাড়া ইতোমধ্যেই যারা বিদেশে পড়াশোনা করছেন, অনেক ক্ষেত্রে তারাও বৈধপথে দেশ থেকে খরচের অর্থ নিতে পারছেন না বলে অভিযোগ করছেন। "বাসাভাড়া, খাওয়া-দাওয়া এবং অন্যান্য হাতখরচ বাবদ প্রতিমাসেই বাড়ি থেকে আমাকে কিছু ডলার পাঠায়। এবার সেটার সাথে টিউশন ফি যুক্ত হওয়ায় পুরোটা ব্যাংকের মাধ্যমে আনা সম্ভব হয়নি", বিবিসি বাংলাকে বলেন আশরাফ কবির। মি. কবির কানাডার একটি বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স করছেন। ব্যাংকের মাধ্যমে আনতে না পেরে সহজ বিকল্প হিসেবে তিনিও হুন্ডির পথ বেছে নিতে বাধ্য হয়েছেন বলে জানিয়েছেন। "এতে খরচ অবশ্য কিছুটা বেশি পড়েছে। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে টিউশন ফি জমা দেওয়ার জন্য অন্য কোনো উপায় ছিল না", বিবিসি বাংলাকে বলছিলেন মি. কবির। বাংলাদেশে সাধারণত সেপ্টেম্বর-অক্টোবর এবং ফেব্রুয়ারি-মার্চ সেমিস্টারে সবচেয়ে বেশি শিক্ষার্থী বিদেশে যায়। উচ্চশিক্ষার জন্য বিদেশ গমনেচ্ছু একজন শিক্ষার্থীকে শুরুতে ভর্তি ও অন্যান্য ফি বাবদ ১০ হাজার থেকে ২০ হাজার, ক্ষেত্র বিশেষে আরও বেশি পরিমাণ ডলার বিদেশে পাঠানোর প্রয়োজন পড়ে। এরপর টিউশন ফি হিসেবে প্রতি ছয় মাস পরপর প্রায় ১০ হাজার ডলার পাঠাতে হয়। এর বাইরে, থাকা-খাওয়া ও অন্যান্য হাতখরচ বাবদ মাসে গড়ে দেড় থেকে তিন হাজার ডলার পর্যন্ত বিদেশে পাঠান অভিভাবকরা। অভিভাবকেরা বলছেন, অনেক বিশ্ববিদ্যালয় ব্যাংকিং চ্যানেলের বাইরে টাকা নিতে চায় না। সেসব ক্ষেত্রে বেকায়দায় পড়তে হয় শিক্ষার্থীদের।

এদিকে, ডলার সংকটের মুখে স্টুডেন্ট ফাইল খুলতে না পারায় বিদেশে শিক্ষার্থী পাঠানোর সংখ্যা উল্লেখযোগ্যহারে কমে গেছে বলে জানিয়েছে এ কাজের সাথে যুক্ত পরামর্শক প্রতিষ্ঠানগুলো। "আগে বছরে আমরা যত স্টুডেন্ট পাঠাতাম,

সংকট শুরু হওয়ার পর এখন সেটার চারভাগের একভাগ শিক্ষার্থী পাঠাতে পারছি", বিবিসি বাংলাকে বলেন উচ্চশিক্ষা বিষয়ক পরামর্শক প্রতিষ্ঠান ব্লু বন্ডের কর্মকর্তা গোলাম সারোয়ার। দীর্ঘদিন এ অবস্থা চলতে থাকলে প্রতিষ্ঠান চালানো কষ্ট হয়ে যাবে বলেও জানিয়েছেন মি. সারোয়ার। ডলার সংকটের কারণে যে নতুন করে স্টুডেন্ট ফাইল খোলায় আগ্রহ কমেছে, সেটি স্বীকার করছে ব্যাংকগুলোও। "আগে আবেদন করলেই আমরা যেভাবে স্টুডেন্ট ফাইল খুলে দিতাম, সেটি আর এখন হচ্ছে না", বিবিসি বাংলাকে বলেন ব্যাংকগুলোর শীর্ষ কর্মকর্তাদের সংগঠন অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ লিমিটেডের (এবিবি) চেয়ারম্যান সেলিম আর এফ হোসেন। মি. হোসেন ব্র্যাক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি বিবিসি বাংলাকে বলেন, "ডলার সংকটের কারণে আবেদনকারী শিক্ষার্থীদের সবাইকে আমরা স্টুডেন্ট ফাইল খোলার সুবিধা দিতে পারছি না।" ডলার সংকটের কারণে গত জাতীয় নির্বাচনের আগে এলসি খোলাও প্রায় বন্ধ হয়ে গিয়েছিল। কিন্তু রমজান মাস উপলক্ষ্যে গত জানুয়ারির মধ্যভাগ থেকে ফের এলসি খোলা শুরু হয়। এতে ডলারের উপর চাপ কিছুটা বেড়েছে বলে জানিয়েছেন ব্যাংক কর্মকর্তারা। আর সেজন্যই গড়ে সবাইকে না দিয়ে ব্যাংকগুলো দেখেশুনে স্টুডেন্ট ফাইল খুলছেন বলেও জানান তারা। "যেহেতু সবাইকে দেওয়া সম্ভব হচ্ছেনা, কাজেই ফাইল খোলার ক্ষেত্রে এখন অনেক সময় আমরা নতুনদের চেয়ে পুরান গ্রাহক বা তাদের ছেলে-মেয়েদেরকে বেশি অগ্রাধিকার দিচ্ছি", বিবিসি বাংলাকে বলেন প্রিমিয়ার ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) রিয়াজুল করিম। দেখে-শুনে ফাইল খোলার পেছনে আরও একটি কারণ উল্লেখ করেছেন তিনি। "উচ্চশিক্ষার কথা বলে বিদেশে যাওয়ার পর অনেক সময় দেখা যায় তারা লেখাপড়া বাদ দিয়ে সেখানে অবৈধভাবে থেকে যাচ্ছে। আমরা যেহেতু ফাইল খুলে দিচ্ছি, ফলে এটি আমাদের ভাবমূর্তি নষ্ট করছে", বিবিসি বাংলাকে বলেন মি. করিম। "দেখে-শুনে স্টুডেন্ট ফাইল খোলার পেছনে এটিও একটি বড় কারণ", বলছিলেন তিনি। অন্যদিকে, দেশে বিশ্ববিদ্যালয়ে সংখ্যা বৃদ্ধি পেলেও বাংলাদেশ থেকে উচ্চশিক্ষা গ্রহণে বিদেশে যাওয়ার সংখ্যা কমেনি, বরং ক্রমেই বাড়তে দেখা যাচ্ছে। ইউনেস্কোর হিসেবে দেখা যাচ্ছে, ২০০৮ সালে বাংলাদেশ থেকে সাড়ে ১৬ হাজার শিক্ষার্থী বিদেশে পড়তে গিয়েছিল। গত দেড় দশকে সেই সংখ্যা তিন গুণেও বেশি বেড়েছে। "দিন যত যাচ্ছে, এই সংখ্যা আরও বাড়ছে। ফলে ক্যাপাসিটির বাইরে চলে যাওয়ায় অনেক সময় আবেদনকারীদের সবার ফাইল খোলা সম্ভব হচ্ছে না", বিবিসি বাংলাকে বলেন অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশের চেয়ারম্যান সেলিম আর এফ হোসেন। এছাড়া একসাথে ৫০০ ডলারের বেশি নগদ এনডোর্স করা হচ্ছে না বলে শিক্ষার্থীদের পক্ষ থেকে যে অভিযোগ করা হয়েছে, সেটিও সত্য নয় বলে দাবি করেছেন তিনি। "এনডোর্সমেন্টের বিষয়ে কেন্দ্রীয় ব্যাংকের সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। সেটি মেনেই ব্যাংকগুলো ডলার এনডোর্স করে থাকে", বিবিসি বাংলাকে বলেন মি. হোসেন।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী, একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি বিদেশ গমনকালে এক বছরে সর্বোচ্চ ১২ হাজার ডলার বা সমমানের বৈদেশিক মুদ্রা এনডোর্স করতে পারেন। "এক্ষেত্রে কেউ যদি বছরের সর্বোচ্চ সীমা অতিক্রম করে না থাকেন, তাহলে পাঁচশ ডলারের অধিক এনডোর্সমেন্ট নিতে না পারার কোনো কারণ দেখছি না", বলেন মি. হোসেন। এছাড়া মি. হোসেন এটা জানিয়েছেন যে, চরম সংকটে প্রয়োজন মনে করলে একটি ব্যাংকের কর্তৃপক্ষ দৈনিক ডলার এনডোর্সমেন্ট কমানো বা নতুন করে স্টুডেন্ট ফাইল খোলা সাময়িকভাবে বন্ধ রাখার মতো সিদ্ধান্তও নিতে পারে। ডলার এনডোর্সমেন্ট কিংবা স্টুডেন্ট ফাইল খোলার ব্যাপারে কেন্দ্রীয় ব্যাংকের তরফ থেকে কোনো ধরনের বিধি-নিষেধ আরোপ করা হয়নি বলে জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র মো. মেজবাউল হক। "নিজেদের সক্ষমতার উপর নির্ভর করে ব্যাংকগুলো নিজেরাই এ ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে থাকে। বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে স্টুডেন্ট ফাইল খোলার ব্যাপারে কোনো বিধি-নিষেধ জারি করা হয়নি", বিবিসি বাংলাকে বলেন মি. হক। বাংলাদেশে গত কয়েক বছর ধরে, বিশেষ করে করোনা মহামারীর পর থেকেই ডলার সংকট দেখা যাচ্ছে। ২০২১ সালে দেশটির বৈদেশিক মুদ্রার রিজার্ভ যেখানে ৪৮ বিলিয়ন ডলার ছুঁয়েছিল, সেটি কমতে কমতে এখন ২৫ দশমিক ২৩ বিলিয়ন ডলারে এসে ঠেকেছে। ডলারের বাজারেও দেখা যাচ্ছে অস্থিরতা। সরকার ডলারের দাম ১১০ টাকা নির্ধারণ করে দিলেও খোলা বাজারে বিক্রি হচ্ছে ১৫ থেকে ২০ টাকা বেশি দরে। এমন পরিস্থিতিতে সংকট কাটিয়ে ডলারের খরচ কমাতে সরকারি ব্যয়ে কৃচ্ছ্রতাসাধন, গুরুত্বপূর্ণ পণ্য ব্যতীত এলসি খোলা নিরুৎসাহিতকরণ-সহ নানান ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে সরকার। "এতকিছুর পরও কিন্তু বিদেশে উচ্চশিক্ষার বিষয়টি নিরুৎসাহিত করা হয়নি। আর সে কারণেই শিক্ষার্থীরা এখনও বিদেশে পড়তে যেতে পারছে", বিবিসি বাংলাকে বলেন বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র মো. মেজবাউল হক।

তবে আগেও বিভিন্ন সময় ডলার সংকটের মুখে বাংলাদেশের ব্যাংকগুলোতে নতুন করে স্টুডেন্ট ফাইল বন্ধ রাখতে দেখা গেছে, বিশেষে করে গত দুই বছরে। ডলার সংকটের কারণে ২০২২ সালের নভেম্বরে সাময়িক সময়ের জন্য নতুন স্টুডেন্ট ফাইল বন্ধ করে দেয় বাংলাদেশের ব্যাংকগুলো। পরের বছরের শুরু ও শেষের দিকেও কিছুদিন একই অবস্থা চলতে দেখা যায়। তখন ডলার সাশ্রয় করে নিত্য প্রয়োজনীয় দ্রব্য আমদানি করার প্রতি বেশি গুরুত্ব দেওয়া হয়েছিল।

এছাড়া ডলার সাশ্রয়ের লক্ষ্যে সরকারি কর্মকর্তাদের বিদেশ ভ্রমণে নিষেধাজ্ঞা দিতেও দেখা গেছে। পাশাপাশি ডলারের লেনদেন ও জমানোর ব্যাপারে প্রয়োজনের নিরিখে নানান কড়াকড়িও আরোপ করা হয়েছে। এর মধ্যে গত আগস্টে ডলার সংগ্রহের জন্য বাংলাদেশি নাগরিকদের ৩০শে সেপ্টেম্বরের মধ্যে দশ হাজার ডলারের অতিরিক্ত বৈদেশিক মুদ্রা বিক্রির নির্দেশ দিয়েছিলো কেন্দ্রীয় ব্যাংক। এই সময়ের পর কারো কাছে অতিরিক্ত ডলার পেলে আইনানুগ ব্যবস্থা নেয়ার কথাও বলা হয়েছিল বাংলাদেশ ব্যাংকের প্রকাশ করা একটি বিজ্ঞপ্তিতে। জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কোর তথ্য অনুযায়ী, ২০২১ সালে বাংলাদেশ থেকে ৪৯ হাজারেরও বেশি সংখ্যক শিক্ষার্থী উচ্চশিক্ষার জন্য বিশ্বের বিভিন্ন গেছেন। এর মধ্যে সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থী গেছেন যুক্তরাষ্ট্রে। দুই হাজার একুশ সালে সাড়ে আট হাজারের বেশি শিক্ষার্থী পড়তে গেছেন দেশটিতে। এছাড়া মালয়েশিয়া, অস্ট্রেলিয়া, কানাডা, জার্মানি, যুক্তরাজ্য, ভারত, দক্ষিণ কোরিয়াতেও বাংলাদেশি শিক্ষার্থীরা পড়াশোনা করতে যান। কিন্তু উচ্চশিক্ষায় বিদেশে যাওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীরা এখন ফাইল খোলা থেকে শুরু করে বিভিন্ন জায়গায় নানান সমস্যার মুখে পড়ছেন। "ডলারের সংকট না কাটা পর্যন্ত এগুলো কিছুটা থাকবে", বিবিসি বাংলাকে বলেন অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশের চেয়ারম্যান সেলিম আর এফ হোসেন। কিন্তু সেই সংকট কাটতে কতদিন লাগবে? "এটা সুনির্দিষ্ট করে বলা কঠিন। তবে ডলারের সংকট এখন আগের চেয়ে কমতে শুরু করেছে", বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র মো. মেজবাউল হক। আগামী কয়েক মাসের মধ্যেই এই সংকট অনেকটাই কমে আসবে বলে আশা করছেন ব্যাংক কর্মকর্তারা। যদিও অর্থনীতিবিদরা বলছেন ভিন্ন কথা। "বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়ানোর জন্য আমদানির তুলনায় রপ্তানি আয় বৃদ্ধি করতে হবে", বিবিসি বাংলাকে বলেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। "একই সাথে প্রবাসী আয় বাড়ানো এবং অবৈধপথে বৈদেশিক মুদ্রার লেনদেন বন্ধ করতে পারলে ডলারের সংকট কিছুটা কাটতে পারে", বলেন মি. মোয়াজ্জেম। কিন্তু অর্থনীতিবিদরা বলছেন, কোনো ধরনের পরিকল্পনা ছাড়া হঠাৎ করেই রপ্তানি ও প্রবাসী আয় বাড়ানো সম্ভব নয়। কাজেই চলমান ডলার সংকট সহসাই কাটছে না বলে মনে করছেন তারা।
(বিবিসি ওয়েব পেজ:৩১.০৩.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বিএনপির ৫১ নেতাকর্মীর জামিন নামঞ্জুর, কারাগারে প্রেরণ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির জাতীয় নির্বাহী কমিটির খুলনা বিভাগীয় ভারপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত এবং যশোর জেলা বিএনপি, যুবদল ও ছাত্রদলের ৫১ নেতা-কর্মীকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছে একটি আদালত। তারা নাশকতা মামলায় রবিবার (৩১ মার্চ) যশোর দায়রা ও জজ আদালতে আত্মসমর্পণ করেন এবং জামিনের জন্য আবেদন করেন। বিচারক জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন। আইনজীবী দেবাশীষ দাস জানান, যশোরের বিভিন্ন থানায় পুলিশের দায়ের করা মামলায় তাদের অভিযুক্ত হিসেবে তালিকাভুক্ত করা হয়। তিনি আরো জানান, আদালতে হাজির হয়েছিলেন মোট ৬৩ জন। এর মধ্যে বয়স ও জেষ্ঠতা বিবেচনায় বাকি নেতাদের জামিন দেয়া হয়। কারাগারে পাঠানো নেতা-কর্মীদের মধ্যে রয়েছেন; সৈয়দ সাবেরুল হক সাবু, মুনীর আহমেদ সিদ্দীকি বাচ্চু, আব্দুর রাজ্জাক, এম তমাল আহমেদ, রাজিদুর রহমান সাগর, কামরুজামান।
এরা সকলেই বিএনপি এবং অঙ্গ সংগঠনের জেলা ও উপজেলা স্তরের নেতা। বিএনপি নেতা দেলোয়ার হোসেন খোকন বলেন, কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিতসহ বেশিরভাগ নেতা-কর্মী উচ্চ আদালত থেকে নেয়া অন্তর্বর্তীকালীন জামিনে ছিলেন। জামিনের মেয়াদ শেষ হওয়ায় তারা যশোর আদালতে আত্মসমর্পণ করেন।
(ভোয়া ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ এলিনা)

### নিজ দেশের নেতিবাচক উপস্থাপনে কোনো কৃতিত্ব নেই, সাংবাদিকদের হাছান মাহমুদ

নিজ দেশকে নেতিবাচকভাবে উপস্থাপন করার মধ্যে কোনো কৃতিত্ব নেই বলে উল্লেখ করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। রবিবার (৩১শে মার্চ) ঢাকায়, ইন্টারন্যাশনাল রিলেশন্স রিপোর্টার্স ফোরাম আয়োজিত আলোচনা সভায় তিনি এ কথা বলেন। অপপ্রচার থেকে বিরত থেকে দেশকে ইতিবাচকভাবে তুলে ধরার জন্য সাংবাদিকদের প্রতি আহবান জানান হাছান মাহমুদ। বলেন, "গণমাধ্যমের দায়িত্ব সাদাকে সাদা বলা এবং কালোকে কালো বলা।" বাংলাদেশকে নেতিবাচকভাবে তুলে ধরতে বিরোধীদল কাজ করছে বলে অভিযোগ করেন পররাষ্ট্রমন্ত্রী। "তাদের কিছু 'পেইড এজেন্ট' অপপ্রচার চালায়, যা মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করে;" তিনি যোগ করেন। যারা অপপ্রচার চালাচ্ছে তাদের বিরুদ্ধে কাজ করতে মূলধারার গণমাধ্যমের প্রতি আহবান জানান তিনি। বলেন, একই গোষ্ঠী পদ্মা সেতুকে কেন্দ্র করে এবং কোভিড-১৯ মহামারীর সময় ভ্যাকসিন ইস্যুতে অপপ্রচার চালিয়েছিলো। ভারতীয় পণ্য বর্জনের জন্য বিএনপির আহবানের সমালোচনা করেনে হাছান মাহমুদ। বলেন, এ ধরনের রাজনীতি দেশের জন্য মঙ্গল বয়ে আনে না।"সমালোচনা হতে পারে, কিন্তু দেশের ভাবমূর্তি নষ্ট করে নয়;" তিনি আরো বলেন। পেশাগত দায়িত্ব পালনে বহুমুখী চ্যালেঞ্জের মুখোমুখি হওয়া সত্ত্বেও, তাদের প্রচেষ্টার জন্য সাংবাদিকদের প্রশংসা করেন হাছান মাহমুদ। তিনি

বলেন, "সাংবাদিকরা বিভিন্ন দিক থেকে চাপের মধ্যে কাজ করেন। এ পেশাকে ভালোবেসে তারা সাংবাদিকতায় নিয়োজিত।" (ভোয়া ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ এলিনা)

## শ্রমিকের অবদানকে মূল্য দিতে হবে : শ্রম প্রতিমন্ত্রী

শ্রমিকের অধিকার সুরক্ষিত রাখতে, ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে, সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়েছেন বাংলাদেশের শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. নজরুল ইসলাম চৌধুরী। তিনি বলেন, "এমন বাংলাদেশ গড়তে হবে, যেখানে শ্রমিকের অবদানকে মূল্য দেয়া হবে।" রবিবার (৩১শে মার্চ) রাজধানী ঢাকায় আয়োজিত এক সংলাপে এ আহবান জানান তিনি। পররাষ্ট্র মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) যৌথভাবে এই সংলাপের আয়োজন করে। "আমরা এমন একটি বাংলাদেশ গড়ে তুলবো, যেখানে সব শ্রমিকের অধিকার সুরক্ষিত থাকবে এবং তাদের অবদানকে মূল্য দেয়া হবে;" বলেন শ্রম প্রতিমন্ত্রী নজরুল ইসলাম চৌধুরী। এই সংলাপের উদ্দেশ্য ছিলো, মানসম্পন্ন কর্মসংস্থান এবং সুষ্ঠু পরিবেশে কাজের জন্য মূল ইস্যুতে অংশীজনদের জড়িত করা। সংলাপে শ্রম সংস্কারে ওপর গুরুত্বারোপ করেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, "সঠিক কাজের প্রচার এবং সামাজিক ন্যায়বিচারকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমাদের উদ্দেশ্য অবিচল রয়েছে।" পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন, শ্রম সংশ্লিষ্ট বিষয়ে বহুপক্ষীয় সংলাপের গুরুত্ব তুলে ধরেন। তিনি জানান, বর্তমান সরকারের পাঁচ বছরের মেয়াদে, কর্মসংস্থান সৃষ্টি ও শোভন কাজ সর্বোচ্চ অগ্রাধিকারের মধ্যে রয়েছে। পররাষ্ট্র সচিব আরো জানান যে এই নীতিগুলো জাতীয় উন্নয়ন কৌশলসমূহে গভীরভাবে সম্পৃক্ত। এর মধ্যে রয়েছে জিবি রোডম্যাপ (২০২১-২০২৬) এবং বাংলাদেশের শ্রম খাতের জাতীয় কর্মপরিকল্পনা (২০২১-২০২৬)। এছাড়া বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিসহ টেকসই প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে এগুলো অপরিহার্য; আরো বলেন পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। সংলাপে অংশগ্রহণকারীরা, শ্রম পরিস্থিতি নিয়ে গঠনমূলক আলোচনা, জ্ঞানের বিস্তার ও অংশীদারিত্বের ওপর জোর দিয়েছেন। আলোচনায় অংশ নেন সরকারি কর্মকর্তা, মালিক, শ্রমিক, বেসরকারি খাতের প্রতিনিধি, উন্নয়ন অংশীদার ও গণমাধ্যম প্রতিনিধিরা। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মাহবুব হোসেন জানান, যৌথ প্রচেষ্টা সঠিক ও কার্যকরী নীতিমালা তৈরিতে সহায়তা করছে। আর, নীতিমালার মূল লক্ষ্য হলো কর্মশক্তির জীবনযাত্রার উন্নতির পাশাপাশি কর্মক্ষেত্রে তাদের মৌলিক অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করা। আইএলও বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর টুমো পৌটিআইনেন বলেন, সফল এলডিসি গ্রাজুয়েশনের জন্য বাংলাদেশকে প্রধান উন্নয়ন লক্ষ্যগুলো পূরণ করতে হবে। এগুলোর মধ্যে রয়েছে, চাকরি সৃষ্টি, প্রমাণভিত্তিক মজুরি নীতিমালা প্রণয়ন, পেশাগত নিরাপত্তা নিশ্চিত করা ও স্বাস্থ্যের প্রতি গুরুত্ব দেয়া। "আইএলও লক্ষ্যগুলো অর্জনে বাংলাদেশ সরকারের জন্য একটি প্রতিশ্রুতিবদ্ধ অংশীদার হিসেবে কাজ করছে;" বলেন আইএলও বাংলাদেশ-এর কান্ট্রি ডিরেক্টর টুমো পৌটিআইনেন। সংলাপে, গ্লোবাল এক্সেলারেটর ফর জবস, প্রমাণ-ভিত্তিক জাতীয় মজুরি নীতিমালা এবং পেশাগত নিরাপত্তা এবংশ্রমশক্তির স্বাস্থ্যের মতো বিষয় নিয়ে আলোচনা হয়।
(ভোয়া ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ এলিনা)

## বুয়েটে ছাত্রলীগের নেতা-কর্মীদের কর্মকাণ্ড নিয়ে তদন্ত চলছে, জানালেন ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্রলীগের নেতা-কর্মীদের সাম্প্রতিক কর্মকাণ্ড নিয়ে তদন্ত চলছে। রবিবার (৩১শে মার্চ) রাজধানী ঢাকায় আ্ওয়ামী লীগের তেজগাঁও কার্যালয়ে, চট্টগ্রাম বিভাগীয় আওয়ামী লীগের নেতা-কর্মীদের সঙ্গে মতবিনিময় কালে এ কথা বলেন ওবায়দুল কাদের। ছাত্র রাজনীতি সরাসরি নিষিদ্ধ করা হলে, বুয়েটে নেতিবাচক রাজনৈতিক কর্মকাণ্ড ও জঙ্গিবাদের আঁতুড়ঘর হয়ে উঠতে পারে বলে উদ্বেগ প্রকাশ করেন ওবায়দুল কাদের। তিনি বলেন, "সেদিন বুয়েটে ক্যাম্পাসে কোনো রাজনৈতিক কর্মকাণ্ড ছিলো না। আর আমি যদি রাজনীতির সঙ্গে জড়িত থাকি, তাহলে বুয়েটে ক্যাম্পাসে থাকতে পারব না; এটা কী ধরনের আইন।" উল্লেখ্য, গত শুক্রবার (২৯শে মার্চ) থেকে রাজনৈতিক কর্মকাণ্ডের বিরুদ্ধে বিক্ষোভ করছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থীরা। ছাত্রলীগ কর্মীদের কর্মকাণ্ডের বিরুদ্ধে শনিবারও (৩০শে মার্চ) বিক্ষোভ করেন তারা। বর্জন করেন সব ধরনের একাডেমিক কার্যক্রম। নিষেধাজ্ঞা উপেক্ষা করে ক্যাম্পাসে আবার ছাত্র রাজনীতি সক্রিয় করার চেষ্টাকারী শিক্ষার্থীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানান আন্দোলনরত শিক্ষার্থীরা। শনিবার সকালে তারা ড. এম এ রশিদ প্রশাসনিক ভবনের সামনে সমবেত হয়ে ছাত্র রাজনীতি চালুর বিরুদ্ধে স্লোগান দেন। বুয়েটের শেরেবাংলা হলের ২০১১ নম্বর কক্ষে, ২০১৯ সালের ৭ই অক্টোবর, তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা করে ছাত্রলীগের কয়েকজন নেতা-কর্মী। এরপর ১১ই অক্টোবর ছাত্র রাজনীতি নিষিদ্ধ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সাধারণ শিক্ষার্থীদের আন্দোলনের মুখে বুয়েট কর্তৃপক্ষ সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২১ তম ব্যাচের শিক্ষার্থী ও ছাত্রলীগের কেন্দ্রীয় সদস্য ইমতিয়াজ রহিম রাব্বির আবাসিক হলের আসন বরাদ্দ বাতিল করে। তবে, শিক্ষার্থীদের দাবি অনুযায়ী তাকে বহিষ্কারের বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে, আবার রাজনৈতিক কর্মকাণ্ড শুরু করার সঙ্গে যেসব শিক্ষার্থী জড়িত বলে শনাক্ত হয়েছে, তাদেরও বহিষ্কারের দাবি জানায় আন্দোলনকারীরা। শনাক্ত শিক্ষার্থীরা হলেন; এ এস এম আনাস ফেরদৌস (আইডি:

১৮১৮০০৪), মোহাম্মদ হাসিন আরমান নিহাল (আইডি: ২১০৬১০১), অনিরুদ্ধ মজুমদার (আইডি: ২১০৬০৭৯), জহিরুল ইসলাম ইমন (আইডি: ২১১২০৩১) এবং সায়েম মাহমুদ সাজেদীন রিফাত (আইডি: ২১০৬১২৬)। এদিকে, মধ্যরাতে ছাত্রলীগের নেতা-কর্মীদের প্রবেশ এবং রাজনৈতিক উদ্দেশ্যে সেমিনার কক্ষ ব্যবহারের বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অবস্থান স্পষ্ট করার দাবি জানিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। অন্যদিকে, দায়িত্ব পালনে ব্যর্থতা ও বিশ্ববিদ্যালয়ের নিয়ম নীতি লঙ্ঘনের' অভিযোগে ছাত্রকল্যাণ পরিষদের পরিচালকের পদত্যাগ দাবি করেছেন শিক্ষার্থীরা। আগামী ৩১শে মার্চ পর্যন্ত একাডেমিক কার্যক্রম বর্জন করার ঘোষণা দেন তারা। এর আগে, শুক্রবার (২৯শে মার্চ) আন্দোলনরত শিক্ষার্থীদের দাবির বিষয়ে তদন্ত করা হবে বলে আশ্বাস দিয়েছে বুয়েট কর্তৃপক্ষ।
(ভোয়া ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ এলিনা)

## বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে এডিবির আরো সহযোগিতা চেয়েছেন শেখ হাসিনা

বাংলাদেশের জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করতে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) কাছ থেকে আরো বেশি সহায়তা প্রত্যাশা করেছেন দেশটির প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রবিবার (৩১ মার্চ) গণভবনে এডিবির অন্যতম ভাইস প্রেসিডেন্ট ফাতিমা ইয়াসমিন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় বাংলাদেশের প্রধানমন্ত্রী তার এই প্রত্যাশার কথা জানান। পরে, সাংবাদিকদের এ বিষয়ে অবহিত করেন প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার নজরুল ইসলাম। প্রধানমন্ত্রীকে উদ্ধৃত করে নজরুল ইসলাম বলেন, “আমাদের মূল লক্ষ্য হচ্ছে দেশের জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন। সরকার গ্রামীণ জনগণের উন্নয়নকে অগ্রাধিকার দিচ্ছে।” সাক্ষাৎ কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এডিবি কর্মকর্তা ফাতিমা ইয়াসমিনকে জানান, তার সরকার দেশের জনগণের ক্রয়ক্ষমতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেছে। কারণ, এটি শিল্পায়নের সম্প্রসারণে এবং আরো কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করবে। জলবায়ু পরিবর্তন অভিযোজন, কৃষি, নদী খনন ও পুনরুদ্ধার এর মতো খাতগুলোর কথা উল্লেখ করে শেখ হাসিনা বলেছেন, এসব খাতে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) সহায়তা বাড়াতে পারে; জানান স্পিচ রাইটার নজরুল ইসলাম। আরো বেশি জনকেন্দ্রিক প্রকল্প গ্রহণের জন্য এডিবির প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশকে শীর্ষ অগ্রাধিকারপ্রাপ্ত দেশ উল্লেখ করে ভাইস প্রেসিডেন্ট ফাতিমা জানান, ২০০৯ থেকে ২০২৩ সাল পর্যন্ত পাঁচবার দক্ষিণ এশীয় এই দেশের জন্য সহায়তা বাড়িয়েছে এডিবি। ফাতিমা ইয়াসমিন বাংলাদেশের প্রধানমন্ত্রীকে বলেন, এডিবি জলবায়ু পরিবর্তন অভিযোজন, মানবিক ও সামাজিক উন্নয়ন, কারিগরি শিক্ষা এবং স্বাস্থ্য খাতের প্রকল্পগুলোকে অগ্রাধিকার দিচ্ছে। পাশাপাশি, নদী পুনরুদ্ধার, নদীভিত্তিক পর্যটন, বিনোদন কেন্দ্র এবং সেচ কেন্দ্রিক প্রকল্প বাস্তবায়নে আগ্রহী। গত বছরের সেপ্টেম্বরে এডিবিতে যোগ দেন ফাতিমা ইয়াসমিন। এর আগে তিনি বাংলাদেশের অর্থ বিভাগে সিনিয়র সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। (ভোয়া ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ এলিনা)

## বাংলাদেশে কমলো ডিজেল ও কেরোসিনের দাম, সোমবার থেকে কার্যকর

বাংলাদেশ সরকার এপ্রিল মাসের জন্য পেট্রোলিয়াম জ্বালানির স্বয়ংক্রিয় খুচরা মূল্য নির্ধারণ করেছে। রবিবার (৩১শে মার্চ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এ ঘোষণা দেয়। নতুন ঘোষণা অনুযায়ী, প্রতি লিটার ডিজেল ও কেরোসিনে ২ দশমিক ২৫ টাকা কমানো হয়েছে; ফলে, নতুন দাম হয়েছে ১০৬ টাকা। আগে এই দাম ছিল ১০৮ দশমিক ২৫ টাকা। সোমবার (১লা এপ্রিল) থেকে কার্যকর হবে নতুন দাম। প্রতি লিটার অকটেন ও পেট্রোলের দাম অপরিবর্তিত রাখা হয়েছে, যথাক্রমে ১২৬ টাকা ও ১২২ টাকা। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী গেজেট নোটিফিকেশনের মাধ্যমে নতুন স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। প্রথম স্বয়ংক্রিয় মূল্য কার্যকর হয় ৭ মার্চ থেকে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, আন্তর্জাতিক বাজারে পেট্রোলিয়ামের দামের সঙ্গে সঙ্গতি রেখে নতুন দাম নির্ধারণ করা হয়েছে। এর আগে, গত ১লা মার্চ দেশব্যাপী জ্বালানি তেলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণে গেজেট নোটিফিকেশনের মাধ্যমে 'জ্বালানি মূল্য নির্দেশিকা' জারি করে সরকার। মূল্য নির্দেশিকায় বলা হয়, আন্তর্জাতিক মূল্যের সঙ্গে সামঞ্জস্য রেখে, স্থানীয় মূল্য বাড়বে-কমবে এবং প্রতি মাসে সরকার এক মাস মেয়াদে এ ধরনের দাম ঘোষণা করবে। (ভোয়া ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ এলিনা)

## বাংলাদেশের ময়মনসিংহে স্থাপিত হলো হিজড়া সম্প্রদায়ের প্রথম মসজিদ

বাংলাদেশের ময়মনসিংহ নগরীর ৩৩ নম্বর ওয়ার্ডের দক্ষিণ চর কালিবাড়ি আশ্রয়ণ প্রকল্পে ঘর পান ৪০জন তৃতীয় লিঙ্গের মানুষ। এদের প্রত্যেকেই মুসলমান। তারা এলাকার মসজিদে নামাজ পড়তে গেলে নানা বাধার সম্মুখীন হন। এই পরিস্থিতিতে, আলাদা একটি মসজিদ নির্মাণের কথা চিন্তা করেন তারা। এমন ভাবনা থেকে ময়মনসিংহে প্রথম তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীর উদ্যোগে নির্মিত হয়েছে মসজিদ। এলাকায় কিছু আলোচনা-সমালোচনা আছে; তার পরও, এখন এই মসজিদে তৃতীয় লিঙ্গের মানুষের সঙ্গে নিয়মিত নামাজ পড়ছেন এলাকার মুসল্লিরা। নামাজ পড়া, মৃত্যুর পর জানাজাসহ নানা জটিলতা ও বাধার সম্মুখীন হয় ময়মনসিংহের তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী। এই পরিস্থিতি থেকে উত্তরণের জন্য ‘সেতু বন্ধন হিজরা কল্যাণ সংঘ’ এর সদস্যদের জন্য মসজিদ নির্মাণের উদ্যোগ নেয়। প্রয়োজন দেখা দেয় জমি ও অর্থের। তার কোনোটাই নেই তাদের। এর পর তারা দেখা করেন ময়মনসিংহের বিভাগীয় কমিশনারের

কাছে। বিভাগীয় কমিশনারের সহযোগিতায় জেলা প্রশাসনের কাছ থেকে আশ্রয়ণ প্রকল্পের কাছেই ৩৩ শতক জমি বরাদ্দ দেয়া হয়। সঙ্গে কিছু অনুদানও পায় তারা। রমজান মাসকে টার্গেট করে মসজিদের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করা হয়। ময়মনসিংহ সিটি করপোরেশনের ৩৩ নম্বর ওয়ার্ডের ব্রহ্মপুত্র নদের তীরে বড়ইকান্দী গ্রামে স্থাপিত এই মসজিদটির নাম দেয়া হয়েছে 'তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী ও দক্ষিণ চর কালিবাড়ি আশ্রয়ণ জামে মসজিদ'। নবনির্মিত এক কক্ষবিশিষ্ট মেঝে পাকা মসজিদটির দেয়াল ও চাল টিনের। সামনে ছোট্ট বারান্দা। পাশেই বসানো হয়েছে সাবমারসিবল পাম্প। পাশে ওজুখানা ও বাথরুম। উঁচুতে টানানো হয়েছে ৩টি মাইক। তৃতীয় লিঙ্গের মানুষের সঙ্গে মসজিদে আসছেন বয়স্ক ও তরুণ মুসল্লি। তারা সবাই এক সঙ্গে নামাজ আদায় করেন। নামাজ শেষে কথা হয় স্থানীয় কয়েকজনের সঙ্গে। কথা হয় সেতু বন্ধন হিজড়া কল্যাণ সংঘের কয়েক সদস্যের সঙ্গে। আখি নামে একজন তৃতীয় লিঙ্গের মানুষ বলেন, "সারা জীবন শুনে আসছি, হিজরা কেউ মারা গেলে তাদের নদীতে ভাসিয়ে দেয়া হয়। না হয় নদীর তীরে কোথাও কবর দেয়া হয়। কোনো গোরস্থান ছিল না। এখন আমাদের মসজিদের পাশাপাশি কবরস্থানেরও ব্যবস্থা হয়েছে।" সেতু বন্ধন হিজড়া কল্যাণ সংঘের সভাপতি জয়িতা তনু বলেন, "বড়ইকান্দী গ্রামে সরকারি আশ্রয়ণ প্রকল্পে আমরা ৪০ জন হিজড়া বসবাস করি। আশ্রয়ণ প্রকল্পের পাশে এলাকার মসজিদে আমাদের কয়েকজন নামাজ পড়তে গেলে অনেকেই হাসাহাসি ও কটূক্তি করে।" "পরে নিজেদের মধ্যে আলোচনা করে একটি মসজিদ নির্মাণের উদ্যোগ নেই;" জানান তিনি। জয়িতা তনু আরো বলেন, "আমরা বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়ার সঙ্গে দেখা করি। তার পরামর্শে জেলা প্রশাসকের কাছ থেকে ৩৩ শতক জমি বরাদ্দ পাই। সেই সঙ্গে বিভাগীয় কমিশনার আমাদের মসজিদের জন্য ২ লাখ টাকা অনুদানের ব্যবস্থা করে দেন। এটা দিয়েই আমরা এ মসজিদের প্রাথমিক কাজ করেছি।" জয়িতা তনু জানান, হাফেজ মাওলানা কারিমুল ইসলাম নামের একজনকে ইমাম নিয়োগ দেয়া হয়েছে। তিনি গত ২০ দিন ধরে এ মসজিদে ৫ ওয়াক্ত নামাজের ইমামতি করছেন। এখানে হিজড়াসহ এলাকাবাসী নামাজ পড়ছেন।' মসজিদ পরিচালনা কমিটির সভাপতি আব্দুল মোতালেব জানান, এলাকার মানুষ হিজরাদের কাজ-কর্মে সাহায্য-সহযোগিতা করছে। তিনি বলেন, "তারা আমাকে এই মসজিদ পরিচালনা কমিটির সভাপতি নির্বাচিত করেছেন। আমরা মিলে-মিশে এই মসজিদে ৫ ওয়াক্ত নামাজ পড়ি, জুম্মার নামাজ আদায় করি।" ময়মনসিংহের বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া জানান, স্থানীয় হিজড়া জনগোষ্ঠীর কয়েকজন সদস্য আমার কাছে এসে মসজিদ ও কবরস্থানের জন্য জমি চাইলে, তাদের ৩৩ শতক জমি বরাদ্দ দেওয়ার ব্যবস্থা করা হয়। "সম্প্রতি তারা মসজিদের ঘর নির্মাণের জন্য সহযোগিতা চান। আমি তাদের জন্য একজন বিত্তবান মানুষের কাছ থেকে কিছু টাকার ব্যবস্থা করে দিয়েছি। তারা এখন মসজিদ নির্মাণ করে নামাজ পড়ছেন। এটা ভালো উদ্যোগ;" জানান বিভাগীয় কমিশনার।
(ভোয়া ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### বুয়েট শিক্ষার্থীদের দাবি ও পরীক্ষা নিয়ে উপাচার্য যা বললেন

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য সত্য প্রসাদ মজুমদার বলেছেন, আন্দোলনকারী শিক্ষার্থীদের দাবি সঠিক না বেঠিক এবং তা সত্য কি না তা যাচাই করতে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। যদি কেউ অপরাধ করে থাকে তাহলে বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সঠিক তথ্য জানার জন্য তদন্ত কমিটির প্রতিবেদন পাস না হওয়া পর্যন্ত ব্যবস্থা নেওয়া যাচ্ছে না। আজ (রোববার) বুয়েটে নিজ কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে উপাচার্য এসব কথা বলেন। আন্দোলনকারী শিক্ষার্থীরা পরীক্ষা বর্জন করেছে। এ বিষয়ে উপাচার্য বলেন, পরীক্ষা চলমান আছে। যদি কেউ পরীক্ষা না দেয়, তাহলে সেটা তার নিজস্ব ব্যাপার। বুয়েটে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করার বিষয়টিকে কালো আইন বলছে বাংলাদেশ ছাত্রলীগ। বুয়েট ক্যাম্পাসে অবিলম্বে নিয়মতান্ত্রিক ছাত্ররাজনীতি চালু করার আহ্বান জানিয়েছেন সংগঠনটির নেতারা। (রেডিও তেহরান: ২০৩০ ঘ. ৩১.০৩.২০২৪)

## এনএইচকে

### ইসরায়েলে নতুনভাবে অস্ত্র প্রেরণের অনুমোদন দিয়েছে যুক্তরাষ্ট্র : মার্কিন গণমাধ্যম

মার্কিন গণমাধ্যমগুলোর ভাষ্যানুযায়ী, গাজায় সামরিক অভিযান চালিয়ে যাওয়ার মাঝে ওয়াশিংটন ইসরায়েলে যুদ্ধবিমান ও বোমা প্রেরণ অনুমোদন করেছে। ফিলিস্তিনি পররাষ্ট্র মন্ত্রণালয় এই পদক্ষেপের সমালোচনা করে বলেছে যে, "নেতানিয়াহুর কাছে বেসামরিক নাগরিকদের হত্যা বন্ধ করার দাবি জানানোর পাশাপাশি তাকে অস্ত্র সরবরাহের বিষয়টি একটি অভূতপূর্ব নীতিগত ও নৈতিক দ্বন্দ্ব।" শুক্রবার ওয়াশিংটন পোস্ট জানিয়েছে যে, প্রেসিডেন্ট জো বাইডেনের অধীনে মার্কিন প্রশাসন চলতি মাসে "নীরবে" ইসরায়েলে বোমা এবং যুদ্ধবিমান প্রেরণের অনুমোদন দিয়েছে। প্রায় কয়েক বিলিয়ন ডলার মূল্যের এই অস্ত্র প্যাকেজের মধ্যে ২৫টি এফ-৩৫-এ যুদ্ধবিমান ও ২ হাজার ৩শটিরও বেশি বোমা রয়েছে বলে জানা গেছে। কয়েক বছর আগেই এই অস্ত্র প্রেরণের বিষয়টি অনুমোদিত হওয়ায়, প্রশাসন নতুন করে এবিষয়ে কংগ্রেসকে অবহিত করেনি। উল্লেখ্য, দক্ষিণাঞ্চলীয় শহর রাফাহতে ইসরায়েলের পরিকল্পিত স্থল আক্রমণে

আরও বেসামরিক হতাহত হওয়ার বিষয়ে উদ্বেগ থাকা সত্ত্বেও ওয়াশিংটন ইসরায়েলকে অস্ত্র সরবরাহ করে চলেছে। গতকাল শনিবার গাজার স্বাস্থ্য কর্তৃপক্ষ জানিয়েছে যে, এর আগের ২৪ ঘণ্টায় নিহত ৮২ জনসহ এপর্যন্ত কমপক্ষে ৩২ হাজার ৭০৫ জনের প্রাণহানি ঘটেছে। (এনএইচকে ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### অপরাধ কেন কমে না

পুলিশে জনবল বাড়ে, আধুনিক প্রযুক্তি যোগ হয়। কিন্তু অপরাধ কমে না। উল্টো বাড়ে। তার সঙ্গে যুক্ত হচ্ছে অপরাধের নতুন ধরন। আর এই সময়ে পুলিশের মাথা ব্যথা হয়ে উঠেছে কিশোর গ্যাং। প্রচলিত অপরাধ যেমন ডাকাতি, চোরাচালান ও অপহরণ বাড়ছে। কমছে না হত্যা , ধর্ষণ, নারী নির্যাতনের মতো অপরাধ। অনলাইন প্রতারণা, ই-কমার্সের নামে প্রতারণা, অনলাইন জুয়ার মত অপরাধ নতুনভাবে ভাবাচ্ছে পুলিশকে। আবার পুলিশের এক শ্রেণির সদস্য নিজেরাই অপরাধে জড়িয়ে পড়ছে। বিশ্লেষকেরা বলছেন, সমাজে অস্থিরতা যেমন এর একটি কারণ, তেমনি পুলিশ এখন অপরাধ দমন ছাড়াও আরো অনেক কাজে বেশি জড়িয়ে পড়ছে। এর বাইরে বিচারহীনতার সংস্কৃতিও বড় একটি কারণ বলে তারা মনে করছেন। তবে পুলিশি কর্মকর্তারা বলছেন বেশ কিছু অপরাধ তারা নিয়ন্ত্রণে রেখেছেন। কিন্তু আধুনিক প্রযুক্তি অপরাধীদের বেপরোয়া করেছে। কিশোর গ্যাং নিয়ন্ত্রণে তারা নানা ধরনের পদক্ষেপ নিচ্ছেন। গত বছর সারা দেশে বিভিন্ন অপরাধে মোট মামলা হয়েছে এক লাখ ৯৫ হাজার ৪৩৬টি। আগের বছর মামলা হয়েছিল দুই লাখের বেশি। আর ২০২১ সালে এক লাখ ৯৭ হাজারের বেশি। পুলিশ সদর দপ্তরের হিসাব অনুযায়ী ২০২৩ সালে দেশে তিন হাজার ২৮টি হত্যা ও পাঁচ হাজার ২০২টি ধর্ষণের মামলা হয়েছে। প্রতিদিন গড়ে আটটির বেশি হত্যা এবং ১৪টির বেশি ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। আর ওই বছর নারী নির্যাতনের ঘটনায় মামলা হয়েছে ১১ হাজার ৩৭টি। প্রতিদিন ৩০টির বেশি নারী নির্যাতনের অভিযোগ এসেছে পুলিশের কাছে।

২০২১ সালে ডাকাতির ঘটনা ঘটে ৯৭১টি। সেখানে ২০২২ সালে এক হাজার ১২৮টি এবং ২০২৩ সালে এক হাজার ৩৮৪ টি ডাকাতির ঘটনা পুলিশ রেকর্ড করেছে। ২০২২ সালে অপহরণের মামলা হয়েছে ৪৬৩টি আর ২০২৩ সালে ৪৬৬টি। ২০২৩ সালে চোরাচালানের মামলা হয়েছে দুই হাজার ৫০০টি আর ২০২২ সালে মামলা ২১৪ টি কম ছিলো। মোট মামলার সংখ্যা ছিলো দুই হাজার ২৪৬টি। পুলিশের পরিসংখ্যান অনুযায়ী ২০২৩ সালে চুরি, দ্রুত বিচার, ডাকাতি, অ্যাসিড নিক্ষেপ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনেদেশে মোট মামলা হয় ৮৯ হাজার ৮০৯টি। আগের বছর এই সংখ্যা ছিল ৯৬ হাজার ৬২২। ২০২৩ সালে এককভাবে সবচেয়ে বেশি মামলা হয়েছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে। এ বছর সারা দেশে মাদকসংক্রান্ত মামলা করা হয়েছে ৭৬ হাজার ৪১৮টি। আগের বছর এ আইনে মামলা হয় ৮২ হাজার ৬৭২টি। দেশের রাজধানী ঢাকায় অপরাধ সবচেয়ে বেশি। ২০২৩ সালে বিভিন্ন অপরাধের ঘটনায় ২৫ হাজার ৪৯টি মামলা হয়েছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কাছে। ডিএমপির অতিরিক্ত কমিশনার খ মহিদ উদ্দিন বলেন," বছরের পরিসংখ্যান আসলে আপস অ্যান্ড ডাউন হয়। কখনো বাড়ে, কখনো কমে। তবে পরিসংখ্যানের চেয়ে বড় ব্যাপার হলো পারসেপশন। মানুষ কী মনে করে। মানুষ আগের চেয়ে অনিরাপদ বোধ করেনা। নিরাপদ বোধ না করলেও তারা যে খুব খারাপ মনে করে এই ধরনের তথ্য কিন্তু আমাদের কাছে নেই।" ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ড. তৌহিদুল হক মনে করেন," অপরাধ নিয়ে যখন বাণিজ্য হয় তখন আপনি পুলিশে জনবল বাড়িয়েও অপরাধ নিয়ন্ত্রণ বা কমাতে পারবেন না। এখানে বিভিন্ন অপরাধী গোষ্ঠীর সঙ্গে পুলিশের এক শ্রেণির অসাধু সদস্যের যোগাযোগের অভিযোগ আছে। আবার পুলিশ নিজেও অপরাধে জড়িয়ে পড়ছে।" তার কথায়," পুলিশ আবার আইন শৃঙ্খলা এবং অপরাধ নিয়ন্ত্রণ করতে গিয়ে রাজনীতি, ব্যক্তি এসব বিষয়কেও প্রাধান্য দেয়। যেখানে অর্থের যোগাযোগ আছে সেখানে এখন অপরাধ বেশি। আর এই অর্থেও দ্বারাও কোনো কোনো পুলিশ সদস্য নিয়ন্ত্রিত হয়।" পুলিশের সাবেক ডিআজি সৈয়দ বজলুল করিম বলেন," পুলিশের দক্ষতার চেয়েও বড় সমস্যা হলো এখন মনিটরিং-এর অভাব। এখানে অধস্তনরা কী করেন উপরের কর্মকর্তরা তার খোঁজ রাখেন না। এসপি সাহেবরা তো এখন বাইরে বের হতে যেন লজ্জা পান। হাইওয়েতে ডাকাতি হয় পুলিশ তার ডিউটিতে থাকেনা। এখন পুলিশের সম্পর্ক হয়ে গেছে বিত্তের সঙ্গে।" তিনি জানান," আমাদের লোকজনও তো নানা সহায়তা নিতে থানায় যান। পুলিশের সাবেক কর্মকর্তা হওয়ায় আমাদের কাছে আসলে আমরাও থানায় পাঠাই। কিন্তু অভিজ্ঞতা খুব খারাপ। ডিবি(গোয়েন্দা বিভাগ) তো এখন পুরাই দোকান হয়ে গেছে।" তার কথায়," পুলিশ সম্পর্কে মানুষ ভালো কথা বলেনা। আমরা নিজেরাই বিব্রত।"

আর আইন ও সালিস কেন্দ্রের নির্বাহী পরিচালক , মানবাধিকার কর্মী ফারুক ফয়সাল বলেন," পুলিশ তো আর পুলিশের কাজে নাই। সে তো এখন অন্য কাজে ব্যস্ত। ফলে অপরাধ কমছেনা।" তার মতে," সমাজে রাজনৈতিকসহ নানা ধরনের অস্থিরতা বাড়ছে। ফলে অপরাধও বাড়ছে। আর বিচারহীনতার কারণে অপরাধীরা আরো উৎসাহিত হচ্ছে।" তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাধ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক এ বি এম নাজমুস সাকিব মনে করেন," পুলিশ অপরাধ নিয়ন্ত্রণে আগের চেয়ে বেশি সক্রিয়। তারা এখন আধুনিক প্রযুক্তি ব্যবহার করছেন। তারা আগেই অপরাধী

চক্রকে চিহ্নত করে অপরাধ  কখনো কখনো থামিয়ে দিতে সক্ষম হচ্ছে।" তার কথায়," এই সময়ে অপরাধ বাড়ার পিছনে কিশোর গ্যাং এবং মাদকের একটা বড় ভূমিকা আছে। সেক্ষেত্রে পরিবার ও সমাজের একটা বড় দায়িত্ব আছে।" ডিএমপির অতিরিক্ত কমিশনার খ মহিদ উদ্দিন বলেন," আমরা এই সময়ে কিশোর গ্যাং নিয়ে নানা কাজ করছি। তাদের কারণে অপরাধ বাড়ছে। আমরা তাদের আইনের আওতায় আনা ছাড়াও সামাজিক সচেতনতামূলক নানা কর্মসূচি পালন করছি। আর আমরা আধুনিক প্রযুক্তি ব্যবহার করলেও অপরাধীরাও আধুনিক প্রযুক্তি ব্যবহার করে অপরাধ করছে।" তার কথায়," নাগরিকদের দায়িত্ব আছে। তারা যেন  তাদের জানা অপরাধের খবর আমাদের জানান। কোনো অপরাধ হলে ঠিক সময়ে যেন পুলিশকে জানান। ৯৯৯ নাম্বার আছে সেখানে যেন অভিযোগ করেন।"
(ডয়চে ভেলে ওয়েব পেজ:৩১.০৩.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### বুয়েটে ছাত্র রাজনীতি বন্ধের নামে মৌলবাদের কারখানা করা হলে কঠোর ব্যবস্থা নেয়া হবে : কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন বুয়েটে চলমান আন্দোলনের ঘটনা খতিয়ে দেখা হচ্ছে। ছাত্র রাজনীতি বন্ধের নামে মৌলবাদ-জঙ্গিবাদের কারখানা করা হলে কঠোর ব্যবস্থা নেয়া হবে। রোববার রাজধানীর তেজগাঁওয়ে আওয়ামী লীগের ঢাকা জেলা কার্যালয়ে চট্টগ্রাম বিভাগের নেতা কর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় এ কথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন, বুয়েটে আবরার হত্যায় কাউকে ছাড় দেয়া হয়নি। বিশ্বজিৎ হত্যাকাণ্ডে নেতাকর্মীদের দণ্ড হয়েছে; কাউকে ছাড় দেয়া হয়নি। বুয়েটের ঘটনাও তদন্ত চলছে কিন্তু ছাত্র রাজনীতি বন্ধের নামে ক্যাম্পাসকে জঙ্গি রাজনীতির কারখানায় পরিণত করার প্রমাণ পেলে সে ক্ষেত্রে সরকার কঠোর ব্যবস্থা নেবে বলে জানান তিনি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪  আসাদ)

### বুয়েট শিক্ষার্থীরা দ্বিতীয় দিনের মত আজও পরীক্ষাও ক্লাস বর্জন অব্যাহত রেখেছে

বুয়েট ক্যাম্পাসে ছাত্রলীগের নেতাকর্মীদের প্রবেশের প্রতিবাদে প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা আজ সকাল ৭ টা থেকে বুয়েট শহিদ মিনারে জড়ো হওয়ার কথা থাকলেও তারা আন্দোলনে নামেননি। তবে তাদের ছয় দফা দাবির প্রতি দ্বিতীয় দিনের মত ক্লাস, পরীক্ষা বর্জন কর্মসূচি আজও চলছে। তৃতীয় দিন রোববার দুপুর পর্যন্ত বুয়েট ক্যাম্পাসে কোন কর্মসূচি দেখা যায়নি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

### বুয়েটে ছাত্ররাজনীতি চালুর দাবিতে কেন্দ্র শহিদ মিনারে প্রতিবাদ সমাবেশ করেছে ছাত্রলীগ

বুয়েটে পুনরায় ছাত্র রাজনীতি চালুর দাবিতে কেন্দ্রীয় শহিদ মিনারে প্রতিবাদ সমাবেশ করেছে ছাত্রলীগ। আজ রোববার দুপুর ১২ টার দিকে  প্রতিবাদ সমাবেশ শুরু হয়। সমাবেশ শুরুর আগে সকাল ন'টা থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল এবং ছাত্রলীগের ঢাকা মহানগরের বিভিন্ন ইউনিট থেকে মিছিল নিয়ে নেতাকর্মীরা শহিদ মিনারে জড়ো হতে থাকেন। বুয়েট প্রশাসনের ছাত্র রাজনীতি নিষিদ্ধকে বেআইনি ও অসাংবিধানিক উল্লেখ করা এবং ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ইমতিয়াজ হোসেন রাব্বির হলের সিট বাতিলকে অন্যায্য দাবি করে এই সমাবেশ ডেকেছে ছাত্রলীগ।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪  আসাদ)

### আবারো হাসপাতালে ভর্তি করা হয়েছে খালেদা জিয়াকে

ফের হাসপাতালে ভর্তি করা হয়েছে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে। রাজধানীর এভার কেয়ার হাসপাতালে সি সি ইউ তে রেখে তাকে চিকিৎসা দেয়া হচ্ছে। শনিবার দিবাগত রাত তিনটার দিকে হঠাৎ গুরুতর অসুস্থ হয়ে পড়েন খালেদা জিয়া। পরে মেডিকেল বোর্ডের সিদ্ধান্তে তাকে হাসপাতালে নেওয়া হয়। বিএনপি চেয়ারপারসনের মিডিয়া উইংয়ের সদস্য সায়রুল কবির সংবাদ মাধ্যমকে এসব তথ্য জানিয়েছেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

### সরকারকে খুশি করায় দুর্নীতি করতে পেরেছেন সাবেক আইজিপি বেনজীর আহমেদ: রিজভী

সরকারকে খুশি করায় সাবেক পুলিশ মহাপরিদর্শক বেনজির আহমেদ লুটপাট করতে পেরেছেন বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব গ্রহণ কবির রিজভী। রোববার নয়া পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। রিজভী বলেন সাবেক আইজিপি বেনজির আহমেদের দুর্নীতির খবর বেরিয়ে আসছে। দায়িত্বে থাকা অবস্থায় বিরোধী দলের উপর নিপীড়ন-নির্যাতন চালিয়েছেন তিনি। বলেন বিরোধীদলের উপর নির্যাতন করে নিজে সাদ্দামের বেহেশত তৈরি করেছেন। লুট পাটের মাধ্যমে নামে বেনামে সম্পদ গড়েছেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪  আসাদ)

### পৃথক দুই মামলায় বিএনপি নেতা হাবিব-উন নবী খান সোহেলকে কারাগারে পাঠিয়েছেন আদালত

রাজধানীর নিউমার্কেটও পল্টন থানার পৃথক ২ মামলায় বিএনপি'র যুগ্ম মহাসচিব ও ঢাকা মহানগর দক্ষিণের সভাপতি হাবিব -উন নবী খান সোহেলকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। রোববার সকালে শুনানি শেষে ঢাকার পৃথক দুই মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাবিব-উন নবী খান সোহেল এই দুই মামলায় আত্মসমর্পণ করে

জামিনের আবেদন করেন। উভয় পক্ষের শুনানি শেষে ঢাকার পৃথক দুই মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. মাইনুল ইসলাম ও মোঃ আখতারুজ্জামানের আদালতে এই দুই মামলায় জামিনের আবেদন না মঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**দেশের অর্থনৈতিক সংকট অনেকটাই কেটে গেছে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন অর্থনৈতিক পরিস্থিতির উন্নতি হওয়ায় সব দ্বিধা-দ্বন্দ্ব কেটে গেছে। রোববার সচিবালয়ে ইকনোমিক রিপোর্টার্স ফোরাম বা ইআরএফ এর সাথে প্রাক বাজেট বৈঠকে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন রেমিটেন্স আয় ও রপ্তানি আয় বৃদ্ধির কারণে ডলার সংকট কেটেছে অনেকটা। খোলা বাজারে ডলারের দর ১২৫ টাকা থেকে কমে ১১৫ টাকায় পাওয়া যাচ্ছে। যারা দেশ শ্রীলংকা হবে ভেবেছিল তাদের ধারণাও ভুল প্রমাণ হয়েছে বলে বলেন তিনি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**ছুটির মধ্যেও তিন দিন পোশাক শিল্প এলাকায় সীমিত পরিসরে ব্যাংক খোলা থাকবে: বাংলাদেশ ব্যাংক**

ঈদের আগে সাপ্তাহিক ও সরকারি ছুটি পাঁচ, ছয়, সাত এপ্রিল তপশিলি ব্যাংকের শাখা খোলা থাকবে। তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তাদের বেতন বোনাস সহ অন্যান্য ভাতা পরিশোধ এবং রপ্তানি বিলের সুবিধার্থে ঐ তিনদিন সীমিত পরিসরে সংশ্লিষ্ট শাখা খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ব্যাংক। রোববার বাংলাদেশ ব্যাংকের এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানা গেছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**আবাসিক কোয়ার্টার থেকে ঢাবির শিক্ষার্থীর ঝুলন্ত লাশ উদ্ধার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোডের আবাসিক কোয়ার্টার থেকে আদ্রিতা বিনতে মোশারফ নামের এক শিক্ষার্থীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। আজ রোববার ভোরে দক্ষিণ ফুলার রোডের ১৯ নম্বর ভবনের তৃতীয় তলা থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। আদ্রিতা ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের প্রথম বর্ষের ছাত্রী ছিলেন। পরিবারে কাছ থেকে জানা যায় ফ্যানের সঙ্গে ওড়না পেঁচিয়ে গলায় ফাঁস দিয়েছেন তিনি। পরে ঢাকা মেডিকেল কলেজে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন। আদ্রিতার বাড়ি কুমিল্লার লাকসাম উপজেলার মজলিশপুর গ্রামে। তার বাবা অধ্যাপক ড. মোশারফ হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষক। বাবা মায়ের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওই কোয়ার্টারে থাকতেন তিনি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**ভারত থেকে চিনি আমদানির কোনো প্রয়োজনীয়তা নেই : বাণিজ্য প্রতিমন্ত্রী**

ভারত থেকে চিনি আমদানির প্রয়োজনীয়তা নেই বলে ব্যবসায়ীরা মনে করায় আপাতত ভারত থেকে তিনি আসবে না বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসান ইসলাম টিটো। তবে আজ রাতের মধ্যে ভারত থেকে পেঁয়াজ নিয়ে ট্রেন ঢাকায় পৌঁছাবে বলেও জানান তিনি। রোববার দ্রব্যমূল্য ও বাজার পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত মনিটরিং কমিটির নবম বৈঠক শেষে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে প্রতিমন্ত্রী এসব তথ্য বলেন। বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন আন্তর্জাতিক বাজারে চালের দাম বেড়েছে ২৫ শতাংশ প্রতি শতাংশ। অথচ আমাদের চালের বাজার স্থিতিশীল রয়েছে। তেল, চিনির পর্যাপ্ত সরবরাহ থাকায় বেশিরভাগ পণ্যের দাম কমেছে বলে উল্লেখ করেন তিনি। বলেন ঈদের আগ পর্যন্ত বাজার এরকম স্থিতিশীল থাকবে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**আজ পবিত্র ইস্টার সানডে**

আজ রোববার পবিত্র স্টার সানডে। খ্রিস্টান সম্প্রদায়ের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব। খ্রিস্টান ধর্মাবলম্বীদের জন্য দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সংবেদনশীল ও আনন্দের। খ্রিস্টান ধর্মাবলম্বীদের মতে প্রায় দু হাজার বছর আগে পূর্ণ শুক্রবার বা গুড ফ্রাইডেতে বিপথগামী ইহুদি শাসকগোষ্ঠী তাদের কুসংস্কারাচ্ছন্ন শাসন ব্যবস্থা অক্ষুণ্ণ রাখার স্বার্থে যিশু খ্রিস্টকে অন্যায়ভাবে ক্রুশবিদ্ধ করে হত্যা করেছিল। মৃত্যুর তৃতীয় দিবসে রোববার তিনি আবারও জেগে ওঠেন। যিশুখ্রিস্টের পুনরুত্থানের এই রোববারকে স্টার সানডে বা পুনরুত্থানী রোববার বলা হয়। দিনটি উপলক্ষে আজ ভোরে মিরপুর ১০ নম্বরে ঢাকা আঞ্চলিক ব্যাপিস্ট চার্চে প্রাতঃকালীন প্রার্থনা করেন খ্রিস্টান ধর্মালম্বীরা। এছাড়া রাজধানীর কাকরাইল ওর তেজগাঁওয়ের ব্যাপিষ্ট চার্চ মিশন সহ সব গির্জা ও চার্চে বিশেষ প্রার্থনা সভা অনুষ্ঠিত হবে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**ময়মনসিংহের তারাকান্দিতে বাস ও মাইক্রোবাসের সংঘর্ষে দুই ভাই-বোন নিহত**

ময়মনসিংহে বাসের সঙ্গে মাইক্রোবাসের সংঘর্ষে দুই ভাই বোন নিহত হয়েছেন। এই ঘটনায় আহত হয়েছেন তাদের বাবা-মা। আজ রোববার সকাল সাড়ে সাতটার দিকে জেলার তারাকান্দির দক্ষিণ বাজারে এই দুর্ঘটনা ঘটে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**টাঙ্গাইলে কাভার্ড ভ্যানের পিছনে প্রাইভেট কারের ধাক্কায় দুজন নিহত**

ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে একটি কাভার্ড ভ্যানের পিছনে একটি প্রাইভেটকার ধাক্কা দিলে প্রাইভেট কারের চালকসহ দুইজন নিহত হয়েছেন। এই ঘটনায় আহত হয়েছেন আরো দুজন। রোববার সকালে মহাসড়কের টাঙ্গাইল সদরের আসিকপুর বাইপাস এলাকায় এই দুর্ঘটনা ঘটে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**সাত জানুয়ারির নির্বাচনের পর অতিমাত্রায় বেপরোয়া ও হিংস্র হয়ে উঠেছে সরকার : মির্জা ফখরুল**

৭ই জানুয়ারির নির্বাচনের মাধ্যমে ক্ষমতা দখল করে আওয়ামী লীগ শাসকগোষ্ঠী অতিমাত্রায় বেপরোয়া ও হিংস্র হয়ে উঠেছে বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, মিথ্যাচার, ভয়-ভীতি প্রদর্শন ও অপকৌশলের মাধ্যমে অবৈধ রাষ্ট্রক্ষমতা টিকিয়ে রাখতে বিএনপি এবং এর অঙ্গ সহযোগী সংগঠনসহ গণতন্ত্র মনা বিরোধী দল ও ভিন্নমত ও পথের মানুষদের উপর নিষ্ঠুর দমন পীড়ন অব্যাহত রয়েছে। রোববার এক বিবৃতিতে বিএনপি'র যুগ্ম মহাসচিব হাবিব-উন নবী খান সোহেলের জামিন নামঞ্জুর এবং কারাগারে পাঠানোর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে এসব কথা বলেন তিনি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**গণমাধ্যমকে দেশের ইতিবাচক দিক বহির্বিশ্বে তুলে ধরতে হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছন মাহমুদ বলেছেন, গণতান্ত্রিক দেশে সরকারের সমালোচনা অবশ্যই হবে। তবে তা যদি দেশ বিদ্বেষী সমালোচনা হয় সেটি কাম্য নয়। রোববার জাতীয় প্রেসক্লাবে বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি বিনির্মাণে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন গণমাধ্যমকে দেশের ইতিবাচক দিক বহির্বিশ্বে তুলে ধরতে হবে। দেশকে নেতিবাচকভাবে তুলে ধরার মধ্যে কোনো কৃতিত্ব নেই বলেও মন্তব্য করেন হাছান মাহমুদ। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**ঈদের ছুটি একদিন বাড়ানোর সুপারিশ করেছে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি**

নির্বিঘ্নে বাড়ি যেতে আসন্ন ঈদুল ফিতরের ছুটি একদিন অর্থাৎ ৯ এপ্রিল বাড়ানোর সুপারিশ করেছে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। রোববার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি আগামী ৯ এপ্রিল ছুটি রাখার সুপারিশ করেছে। কমিটির সভাপতি মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রী আকম মোজাম্মেল হক সাংবাদিকদের এ কথা জানান। এ সময় মন্ত্রী জানান ছুটির বিষয়ে কালকে একটা সুপারিশ যাবে সরকারের কাছে।এর পরে সিদ্ধান্ত আসবে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

**কেরোসিন ও ডিজেলের দাম লিটার প্রতি দুই টাকা কমিয়েছে সরকার।**

আন্তর্জাতিক বাজারের সঙ্গে মিল রেখে দেশে দ্বিতীয় বারের মত জ্বালানি তেলের মূল্য স্বয়ংক্রিয়ভাবে নির্ধারণ করেছে সরকার। এ দফায় কেবল ডিজেল ও কেরোসিনের দাম লিটার প্রতি দুই টাকা কমানো হয়েছে। পেট্রোল ও অকটেনের দাম আগের মতই রয়েছে। রোববার স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত নতুন মূল্যের তথ্য জানিয়ে প্রজ্ঞাপন জারি করেছে জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। যা পহেলা পহেলা এপ্রিল থেকে কার্যকর হবে। প্রজ্ঞাপন অনুযায়ী ভোক্তা পর্যায়ে প্রতি লিটার ডিজেল ও কেরোসিনের দাম ১০৮ টাকা ২৫ পয়সা থেকে ২ টাকা ২৫ পয়সা কমিয়ে ১০৬ টাকা নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া অকটেন ১২৬ ও পেট্রোলের দাম ১২২ টাকাই রাখা হয়েছে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩১.০৩.২০২৪ আসাদ)

## জাগো এফএম

**বিরোধী দলীয় নেতা-উপনেতাকে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা ও উপনেতাকে ঈদের শুভেচ্ছা জানিয়েছেন। শেখ হাসিনা আজ জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা জিএম কাদের এবং বিরোধী দলীয় উপনেতা নেতা ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ এমপিকে বাংলা নববর্ষ ও পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা জানিয়েছেন। প্রধানমন্ত্রীর প্রোটোকল অফিসার-২ মোহাম্মদ আবু জাফর রাজু জি এম কাদেরের একান্ত সচিব শামসুল ইসলামের কাছে আজ দুপুরে জাতীয় সংসদের অফিস কক্ষে এবং বিরোধী দলীয় উপনেতা আনিসুল ইসলাম মাহমুদ এমপির একান্ত সচিব মোঃ জাহাঙ্গীর আলমের কাছে বাংলা নববর্ষের শুভেচ্ছা এবং পবিত্র ঈদুল ফিতরের কার্ড পৌঁছে দেন। এছাড়া সাবেক বিরোধী দলীয় নেতা বেগম রওশন এরশাদের ব্যক্তিগত কর্মকর্তার কাছে বাংলা নববর্ষ-১৪৩১ এবং পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা কার্ড পৌঁছে দেন। (জাগো এফএম ওয়েবে পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

**বহির্বিশ্বে দেশের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরুন : পররাষ্ট্রমন্ত্রী**

বহির্বিশ্বে দেশের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরতে সাংবাদিকসহ সবার প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। তিনি বলেন, 'দেশকে নেতিবাচকভাবে তুলে ধরার মধ্যে কোনো কৃতিত্ব নেই।' রোববার, ৩১শে মার্চ জাতীয় প্রেস ক্লাবে 'বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি বিনির্মাণে গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ আহ্বান জানান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'গণমাধ্যমকে

দেশের ইতিবাচক দিকগুলো বহির্বিশ্বের সামনে তুলে ধরতে হবে। গণতান্ত্রিক দেশে সরকারের সমালোচনা অবশ্যই হবে। তবে তা যদি দেশ বিধ্বংসী সমালোচনা হয়, সেটি কখনোই কাম্য নয়।' হাছান মাহমুদ বলেন, 'বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বে উন্নয়নের রোল মডেল। সর্বনিম্ন মাথাপিছু জমি আর ঝড়-বন্যা-জলোচ্ছ্বাসের দেশে আমরা ধান উৎপাদনে তৃতীয় বা চতুর্থ, সবজি উৎপাদনে তৃতীয়, আলু উৎপাদনে ষষ্ঠ অবস্থানে রয়েছি। উন্নয়নের সব সূচকে আমরা পাকিস্তান ও অনেক সূচকে ভারতকেও আরো আগে অতিক্রম করেছি। এই অগ্রগতিটা বহির্বিশ্বে তুলে ধরতে হবে।' মন্ত্রী বলেন, 'বাংলাদেশ নিয়ে কোনো নেতিবাচক খবর বাইরের দেশের গণমাধ্যম যত বড় করে প্রকাশ করে তার চেয়ে কয়েকগুণ বড় করে প্রকাশ করে দেশের গণমাধ্যম। এতে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। আন্তর্জাতিক কোনো ভুঁইফোড় সংগঠন বাংলাদেশ নিয়ে নেতিবাচক খবর করলে দেশীয় গণমাধ্যমে সেটি ফলাও করে প্রচার করা হয়। এটি দুঃখজনক।' বিএনপি দীর্ঘ সময় ধরে দেশের বিরুদ্ধে অপপ্রচার করছে অভিযোগ করে ড. হাছান মাহমুদ বলেন, 'তাদের দলের নেতা বিদেশে থেকে পেইড এজেন্টের মাধ্যমে দেশ নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার চালায়। আর দেশের মানুষ সেটি দেখে বিভ্রান্ত হয়।' ড. হাছান মাহমুদ বলেন, 'বিএনপি নেতারা পদ্মা সেতু নিয়ে গুজব ছড়িয়েছিল, করোনার টিকা নিয়ে অপপ্রচার চালিয়েছিল। এখন আবার শুরু করেছে ভারতীয় পণ্য বর্জন নিয়ে। এগুলোর বিরুদ্ধে মূলধারার গণমাধ্যমকে সোচ্চার হতে হবে।'

আলোচনা সভায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী মোঃ মহিববুর রহমান, সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম এমপি, বিএফইউজে সভাপতি ওমর ফারুক ও বিএফইউজে-এর সাবেক সভাপতি মঞ্জুরুল আহসান বুলবুল প্রমুখ বক্তব্য রাখেন। (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## মন্ত্রণালয়ে নিয়মিত মাসিক সমন্বয় সভার নির্দেশ পররাষ্ট্রমন্ত্রীর

নিজ মন্ত্রণালয়ে নিয়মিতভাবে মাসিক সমন্বয় সভা আয়োজনের নির্দেশ দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। রোববার, ৩১শে মার্চ বিকেলে রাজধানীর সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন পরিচালিত সিনিয়র অফিশিয়ালস মিটিং-এ তিনি এ নির্দেশনা দেন। অতিরিক্ত পররাষ্ট্র সচিব ড. নজরুল ইসলাম ও সব উইং-এর মহাপরিচালক সভায় অংশ নেন। সব পর্যায়ের কর্মকর্তাদের কার্যার্থে বিদেশ ভ্রমণ শেষে দ্রুততম সময়ে প্রতিবেদন জমাদানের বাধ্যবাধকতা, দূতাবাসগুলোর পাশাপাশি সরকারের বিভিন্ন দফতরের সঙ্গেও সুসমন্বয়, প্রবাসী সেবার মানবৃদ্ধি, বিদেশস্থ মিশনগুলোর ট্রেড টার্গেট বাস্তবায়ন ও কার্যক্রম ইনস্পেকটর জেনারেল অব মিশনস-এর মাধ্যমে পরিদর্শন, ফরেন এলাউন্স বৃদ্ধির প্রয়োজনীয়তাসহ মন্ত্রণালয় ও এর মিশনসমূহের নানান কার্যক্রমের ওপর কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করেন ও প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন পররাষ্ট্রমন্ত্রী।

(জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## বাংলাদেশে বন্যপ্রাণী পাচার ও শিকারের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়া হবে : পরিবেশমন্ত্রী

বাংলাদেশে বন্যপ্রাণী পাচার ও শিকারের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী। মন্ত্রী অপরাধীদের জন্য প্রতিবেশী দেশগুলোর তুলনায় কঠোর শাস্তি বাস্তবায়নের পরিকল্পনার কথা জানিয়ে বলেন, 'বন বিভাগের বন্যপ্রাণী অপরাধ নিয়ন্ত্রণ ইউনিটকে শক্তিশালী করা হবে।' কার্যকর প্রয়োগের জন্য বিধিমালা সংশোধন করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন মন্ত্রী। পরিবেশমন্ত্রী সাবের হোসেন চৌধুরী ৩১শে মার্চ বাংলাদেশ সচিবালয়ে তার কার্যালয়ে সেন্টার ফর রিসার্চ এ্যান্ড ইনফরমেশনের একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠককালে এসব কথা বলেন। বৈঠকের উদ্দেশ্য ছিল বন্যপ্রাণী সংরক্ষণ এবং অবৈধ পাচার প্রতিরোধের কৌশল নিয়ে আলোচনা করা। মন্ত্রী বন্যপ্রাণী রক্ষার গুরুত্ব তুলে ধরে বলেন, 'সুন্দরবন সংরক্ষণে বাঘ সংরক্ষণ অতীব গুরুত্বপূর্ণ।' তিনি বন্যপ্রাণী পাচারকারীদের জন্য ট্রানজিট পয়েন্ট এবং অভ্যন্তরীণ বাজার হিসেবে বাংলাদেশের ভূমিকা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন, বেআইনি কার্যকলাপ প্রতিরোধের ওপর গুরুত্বারোপ করেন। তিনি সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে বৈশ্বিক জীববৈচিত্র্যের হটস্পট পার্বত্য চট্টগ্রামকে রক্ষা করার ওপর জোর দেন। অনুষ্ঠানে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, প্রশাসন ইকবাল আবদুল্লাহ হারুন এবং সেন্টার ফর রিসার্চ এ্যান্ড ইনফরমেশনের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## জাতীয় পাঠ্যক্রমে জমিজমা সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করা হবে : ভূমিমন্ত্রী

আগামীতে জাতীয় পাঠ্যক্রমে জমিজমা সংক্রান্ত বিষয়াদি অন্তর্ভুক্ত করা হবে বলে জানিয়েছেন ভূমিমন্ত্রী নারায়ন চন্দ্র চন্দ। অনেকে শিক্ষিত হয়েও জমিজমা সংক্রান্ত বিষয়ে কিছুই বোঝেন না। তাদের এগুলো বুঝতে হবে এমন পরামর্শ দিয়ে মন্ত্রী বলেন, 'আগামীতে আমরা এসএসসির পাঠ্যক্রমে জমিজমার বিষয়াদি অন্তর্ভুক্ত করার চিন্তাভাবনা করছি।' রোববার, ৩১শে মার্চ বিকেলে গোপালগঞ্জ সদর উপজেলা হলরুমে আয়োজিত ভূমিসেবায় সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের সমন্বয়ে মত বিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মন্ত্রী। ভূমিমন্ত্রী বলেন, 'ভূমি ব্যবস্থাপনায় যে অসঙ্গতি রয়েছে তা দূর করা দরকার।' এজন্য সবাইকে সচেতন হওয়া এবং জমি সংক্রান্ত বিষয়ে জ্ঞান রাখার ওপর জোর দেন তিনি। তিনি বলেন, 'ডিজিটাল পদ্ধতিতে ম্যাপ করে জমিজমার অসঙ্গতি দূর করা হবে। এতে

দেশে মামলা ও সংঘর্ষের ঘটনা কমে আসবে।' জেলা প্রশাসক কাজী মাহবুবুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভূমি মন্ত্রণালয়ের সচিব খলিলুর রহমান, ভূমি রেকর্ড ও জরিপ অধিদফতরের মহাপরিচালক আনিস মাহমুদ প্রমুখ। অনুষ্ঠানে জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## বিশ্বের ৪০ দেশে উৎসবকেন্দ্রিক পণ্য এখন বাংলাদেশের সেমাই

দেশের গণ্ডি পেরিয়ে বাংলাদেশি ব্র্যান্ডের সেমাই এখন বিশ্বের ৪০টি দেশে রফতানি হচ্ছে। ওইসব দেশে এখন উৎসব ও অনুষ্ঠানকেন্দ্রিক পণ্য বাংলাদেশি সেমাই। সারা বছর বিভিন্ন অনুষ্ঠানকে কেন্দ্র করে সেমাই বিক্রি হয়, তবে সেমাইয়ের চাহিদা সবচেয়ে বেশি থাকে দুই ঈদের সময়। এখন ঈদের আগে দেশ-বিদেশে সেমাইয়ের বিক্রি বেড়েছে। বিশেষ করে দক্ষিণ এশিয়ার দেশগুলোতে ঈদের সকালে খাবারের তালিকার অত্যাবশ্যকীয় পণ্য হয়ে উঠেছে সেমাই। এই অঞ্চলের মানুষ এখন বিশ্বজুড়ে বিস্তৃত। তারাই অন্য দেশে এ বাংলাদেশি সেমাইয়ের বড় ক্রেতা।

মূলত তারাই বাংলাদেশি সেমাইয়ের বড় বাজার তৈরি করেছে বিশ্বের ওইসব দেশে। এতে সেসব দেশেও এখন উৎসবকেন্দ্রিক পণ্য এ সেমাই। এদিকে এখন ঈদবাজারে অন্যান্য পণ্যের সঙ্গে বেড়েছে সেমাই বেচাকেনার পরিমাণ। সেমাই প্রস্তুতকারকরা বলছেন, প্রতি বছর দেশ-বিদেশে ঈদের সময় সেমাইয়ের চাহিদা বাড়ে। সেই ধারাবাহিকতায় এবারের ঈদের মৌসুমেও সেমাইয়ের ভালো বেচাকেনা হবে বলে আশা তাদের। এ বছর বিক্রি ২০ থেকে ২৫ শতাংশ বাড়বে। খাত সংশ্লিষ্টরা বলছেন, গত এক দশকে চিত্র কিছুটা বদলেছে। সেমাই এখন পরিণত হয়েছে অনেকের নিত্যনৈমিত্তিক খাবারেও। উৎসব-পার্বণ ছাড়াও থাকে চাহিদা। এ অল্প সময়ের মধ্যে সেমাইয়ের বাজারেও এসেছে একটি বড় পরিবর্তন। আগে বাজারে সনাতন পদ্ধতিতে তৈরি খোলা সেমাইয়ের প্রাধান্য থাকলেও এখন বিভিন্ন ব্র্যান্ডের মোড়কজাত সেমাই বেশি বেচাকেনা হতে দেখা যায়। তাদের বিদেশেও রফতানি দ্রুত বাড়ছে। দেশ-বিদেশ মিলিয়ে পণ্যটির বাজার এখন হাজার কোটি টাকা ছুঁইছুঁই। পাশাপাশি উদ্যোক্তারা এও বলছেন, মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে। যে কারণে সেমাই নিত্যনৈমিত্তিক খাবারের তালিকায় এসেছে। পাশাপাশি স্বাস্থ্য সচেতনতা ও ভিন্ন স্বাদের কারণে জনপ্রিয়তা পেয়েছে প্যাকেটজাত বিভিন্ন ব্র্যান্ডের সেমাই। জানা গেছে, দেশে বছরে সেমাইয়ের চাহিদা ৪০ থেকে ৪৫ হাজার টন, যার বেশিরভাগই এখন ব্র্যান্ডের দখলে। এক দশকের ব্যবধানে এ অবস্থান তৈরি করেছে কোম্পানিগুলো, যা আগে সনাতন পদ্ধতিতে তৈরি খোলা সেমাইয়ের দখলে ছিল। মোড়কজাত সেমাই উৎপাদনকারী কোম্পানিগুলোর সংগঠন বাংলাদেশ অটো বিস্কুট এ্যান্ড ব্রেড ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের সভাপতি শফিকুর রহমান ভূঁইয়া জাগো নিউজকে বলেন, 'বাংলাদেশের মানুষের খাদ্যাভ্যাস বদলাচ্ছে। আগে শুধু ঈদে সেমাই খাওয়ার রেওয়াজ থাকলেও এখন বছর জুড়েই এ খাদ্যপণ্যটির চাহিদা থাকে। ফলে সেমাইয়ের বাজারও বিস্তার লাভ করছে।' তিনি বলেন, 'দেশে ৪০টির বেশি কোম্পানি রয়েছে, যারা তাদের উৎপাদিত সেমাই মোড়কজাত করে বিক্রি করে। এসব কোম্পানির বাইরে অনেক মৌসুমি প্রতিষ্ঠান উৎসবকেন্দ্রিক খোলা ও মোড়কজাত সেমাই উৎপাদন করে। তবে এ বাজারে এখন নেতৃত্ব দিচ্ছে বড় বড় কোম্পানি। যারা রফতানিতেও বড় সাফল্য দেখিয়েছে গত কয়েক বছর। শফিকুর রহমান বলেন, 'এক দশক আগেও দেশে সেমাইয়ের উৎপাদন অর্ধেকের কম ছিল। কর্পোরেট কোম্পানিগুলো এ বাজারকে এক ভিন্নমাত্রায় এনেছে। বেশকিছু কোম্পানি সেমাই রফতানি করছে। মানুষ এখন স্বাস্থ্য বিষয়ে বেশ যত্নশীল, সেটাও সেমাইয়ের বাজার বড় হওয়ার কারণ। (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## দর্শনা বন্দর দিয়ে ঢুকলো ভারতীয় পেঁয়াজের প্রথম চালান

রেলপথে প্রথম ভারত থেকে পেঁয়াজের বড় একটি চালান চুয়াডাঙ্গার দর্শনা বন্দরে এসেছে। বাংলাদেশ ট্রেডিং কর্পোরেশন, টিসিবি আমদানিকারক হিসেবে এসব পেয়াঁজ আমদানি করেছে বলে জানা গেছে। রোববার, ৩১শে মার্চ সন্ধ্যা সাড়ে ৫টায় পেঁয়াজের এ চালান দর্শনা আন্তর্জাতিক রেলবন্দরে পৌঁছায়। স্টেশন ম্যানেজার মির্জা কামরুল হাসান জানান, 'বাংলাদেশ ট্রেডিং কর্পোরেশন, টিসিবির ভারত থেকে আমদানি করা পেঁয়াজের প্রথম চালানটি রোববার বিকেলে দর্শনা বন্দরে পৌঁছেছে। মোট ৪২ ওয়াগনে প্রায় এক হাজার ৬৫০ মেট্রিক টন পেঁয়াজ আমদানি করা হয়। আমদানি করা ভারতীয় পেঁয়াজভর্তি ওয়াগন দর্শনা আন্তর্জাতিক রেলবন্দর থেকে রাতেই সিরাজগঞ্জ বাজারে নেওয়া হবে। এরপর পেঁয়াজ খালাস করে দেশের বিভিন্ন বিভাগ ও জেলা শহরে পাঠানোর ব্যবস্থা করা হবে।' দর্শনা পৌর মেয়র ও রেলবন্দর সিঅ্যান্ডএফ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হাবু জানান, 'সরকার রমজান মাসে বাজার স্থিতিশীল রাখতে ভারত থেকে পেঁয়াজ আমদানির সিদ্ধান্ত নেয়।' চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু জানান, 'দেশে পেঁয়াজ নিয়ে বরাবরের মতো যেন কেউ গুদামজাত করে কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে, কেউ যেন চড়া দাম হাঁকিয়ে সাধারণ মানুষকে বিপদে ফেলে বিপুল অর্থ আয় করতে না পারে সেজন্যই সরকারের একটি সংস্থা ভারত থেকে পেঁয়াজ আমদানি করছে। পর্যায়ক্রমে পেঁয়াজের আরো চালান আসার সম্ভাবনা রয়েছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## ফরিদপুরের বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেলে আগুন

ফরিদপুরের বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতালের নতুন ভবনের ছয়তলার ছাদে পরিত্যক্ত আসবাবপত্র ও ময়লার স্তূপে আগুন লাগার ঘটনা ঘটেছে। খবর পেয়ে দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনে ফায়ার সার্ভিস। রোববার, ৩১শে মার্চ দুপুর আড়াইটার দিকে নয়তলা ভবনের ছয়তলার ছাদের কোনায় ময়লা-আবর্জনা থেকে আগুনের সূত্রপাত হয়। ফরিদপুর ফায়ার সার্ভিসের ওয়্যার হাউজ ইন্সপেক্টর মোঃ রুবেল শেখ জানান, 'পুরোনো বেডশিট, ফোম, কাগজ, কৌটা ও ময়লা-আবর্জনার স্তূপ থেকে আগুন লাগে। দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনায় আগুন ছড়াতে পারেনি। কী কারণে আগুনের সূত্রপাত তা তদন্ত করে জানানো যাবে।' হাসপাতালের পরিচালক ডা. এনামুল হক বলেন, 'এ ঘটনায় কোনো রোগী বা স্বজন হতাহত হননি। বাইরে ফেলে রাখা কিছু আসবাবপত্র ও ময়লা-আবর্জনায় আগুন লাগে। ফায়ার সার্ভিস এসে আগুন নিয়ন্ত্রণে আনে।' (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## ব্যাংকঋণের সুদহার বেড়ে সাড়ে ১৩ শতাংশ ছাড়ালো

ব্যাংকঋণের সুদহার আরো বেড়ে সাড়ে ১৩ শতাংশ ছাড়িয়েছে। নতুন এ সুদহার ১লা এপ্রিল থেকে কার্যকর হবে এবং এপ্রিল মাসের জন্য তা বহাল থাকবে। গত জুলাই মাসের পর ব্যাংকঋণের ওপর সর্বোচ্চ সুদহার এটি। ফলে ব্যাংকঋণের পাশাপাশি ভোক্তা ঋণে আরো বেশি সুদ দিতে হবে। এপ্রিল মাস থেকে ব্যাংকঋণের সুদহার বাড়িয়ে ১৩ দশমিক ৫৫ শতাংশ করা হয়েছে। আর ভোক্তায় গুনতে হবে ১৪ দশমিক ৫৫ শতাংশ সুদ, যা মার্চে ব্যাংকঋণে ছিল ১৩ দশমিক ১১ শতাংশ এবং ভোক্তা ঋণে ছিল ১৪ দশমিক ১১ শতাংশ। তার আগে ফেব্রুয়ারিতে ছিল যথাক্রমে ১২ দশমিক ৪৩ শতাংশ এবং ১৩ দশমিক ৪৩ শতাংশ। বাংলাদেশ ব্যাংক এখন সুদহার নির্ধারণে নতুন পদ্ধতি অনুসরণ করছে। ফলে ঋণের সুদহার প্রতি মাসেই বাড়ছে। গত ফেব্রুয়ারি মাসে ব্যাংকঋণের সুদহার ছিল ১২ দশমিক ৪৩ শতাংশ। যা তার পরের মাস মার্চে বেড়ে ১৩ দশমিক ১১ শতাংশ হয়। গত জানুয়ারির শেষে স্মার্ট রেট বেড়ে হয়েছিল ৮ দশমিক ৬৮ শতাংশ, ফেব্রুয়ারিতে আরো বেড়ে হয় ৯ দশমিক ৬১ শতাংশ, মার্চে এসে আরো বাড়ে। শিল্প উদ্যোক্তা ও ব্যবসায়ীরা বলছেন, নতুন পদ্ধতি অনুসরণ করায় প্রতি মাসেই ব্যাংকঋণের সুদহার বাড়ছে। বাড়তি সুদ গুনতে গিয়ে বিপাকে পড়তে হচ্ছে তাদের। এতে ব্যবসার খরচও বেড়ে যাচ্ছে তাদের। এর আগে এক অঙ্ক বা ব্যাংকঋণের সর্বোচ্চ সুদের হার নির্ধারিত ছিল ৯ শতাংশ। কেন্দ্রীয় ব্যাংক গত জুলাই থেকে সুদের হার নির্ধারণ করে দেওয়ার ওই পদ্ধতি থেকে সরে আসে। বর্তমানে স্মার্ট পদ্ধতি বা সিক্স মান্থস মুভিং অ্যাভারেজ রেট অব ট্রেজারি বিল পদ্ধতিতে ঋণের সুদের ভিত্তি হার নির্ধারিত হয়ে থাকে। ভিত্তি হারের সঙ্গে আগে বাড়তি সাড়ে ৩ শতাংশ সুদ যুক্ত হলেও এবারে বাংলাদেশ ব্যাংক ৩ শতাংশ সুদ যোগ করার জন্য বলেছে। ভিত্তি হার ও বাড়তি সুদ এই দুই মিলিয়ে ঋণের চূড়ান্ত সুদহার নির্ধারণ করে বাণিজ্যিক ব্যাংক। মার্চ মাস শেষে স্মার্ট হার বেড়ে দাঁড়িয়েছে ১০ দশমিক ৫৫ শতাংশে। স্মার্টের সঙ্গে ৩ শতাংশ সুদ যুক্ত করলে ব্যাংকঋণের সুদহার দাঁড়ায় ১৩ দশমিক ৫৫ শতাংশ। ২০২০ সালের এপ্রিলে ব্যাংকঋণের সর্বোচ্চ সুদ ৯ শতাংশে নির্ধারণ করেছিল বাংলাদেশ ব্যাংক। এর পরপরই অর্থনীতিতে সংকট শুরু হলে গত বছরের জুন থেকে ব্যাংকঋণের সুদহার নির্ধারণে নতুন পদ্ধতি স্মার্ট চালু করা হয়। সরকারি ট্রেজারি বিলের ছয় মাসের গড় সুদহারের ভিত্তিতে ব্যাংকঋণের এ সুদহার নির্ধারিত হচ্ছে। প্রতি মাসের শুরুতে স্মার্ট সুদহার প্রকাশ করে বাংলাদেশ ব্যাংক। ঋণের ওপর সর্বোচ্চ সুদহার নির্ধারণ করা হয়েছিল ৯ শতাংশ, আর আমানতের ওপর সর্বোচ্চ সুদ হার ছিল ৬ শতাংশ। ৯ থেকে ৬ সুদহার উঠিয়ে নেওয়ার পর ঋণের সুদহার বেড়ে এখন সর্বোচ্চ পর্যায়ে উঠেছে। এখন ঋণের সুদহার বাড়ার পাশাপাশি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে আমানতের ওপর সুদের হারও বেড়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## বুয়েটের ঘটনার তদন্ত হচ্ছে : সেতুমন্ত্রী

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'বুয়েটের ঘটনায় তদন্ত চলছে। আমরা খতিয়ে দেখছি। সেখানে ছাত্ররাজনীতি বন্ধ করার নামে বুয়েটকে একটি অপরাজনীতি, জঙ্গিবাদের কারখানায় পরিণত করা হবে, সেটা যাতে না হয়। আমরা তদন্ত করে দেখছি। এরকম কিছু পাওয়া গেলে সরকারকে অ্যাকশনে যেতে হবে।' রোববার রাজধানীর তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগ অফিসে চট্টগ্রাম বিভাগের আওয়ামী লীগ নেতাদের সঙ্গে মত বিনিময় সভায় এ কথা বলেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'বুয়েটে সেদিন কোনো রাজনৈতিক কর্মসূচি ছিল না। আর আমি রাজনীতি করি বলে বুয়েটে যেতে পারবো না, এটা কোন ধরনের আইন? কোন ধরনের নিয়ম?' মত বিনিময় সভায় আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনকে অবাধ ও সুষ্ঠু করার বিষয়ে সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী। বলেন, 'নির্বাচনে সম্পূর্ণভাবে প্রশাসন কোনো প্রকার হস্তক্ষেপ করতে পারবে না। আমরা এমপি-মন্ত্রীরা যদি হস্তক্ষেপ থেকে বিরত থাকি তাহলে বিনা প্রতীকে নির্বাচন করার যে উদ্দেশ্য নেত্রী করেছেন, তা স্বার্থক হবে। কেউ ক্ষমতার দাপট ও ক্ষমতার অপব্যবহার করবেন না। যার নির্বাচন করার ইচ্ছা আছে, করবেন। সে স্বাধীনতা আছে। নির্বাচন অবাধ ও সুষ্ঠু হবে। জনগণ যাকে ইচ্ছা নির্বাচিত করবে। নির্বাচন কমিশন স্বাধীন, যদি কোনো অনিয়ম মনে করে তারা ব্যবস্থা নেবে।'

ওবায়দুল কাদের বলেন, চার ধাপে অনুষ্ঠিত হবে উপজেলা নির্বাচন। কাজেই আমাদের দায়িত্বশীল আচরণ করতে হবে। ভালোভাবেই চলছে সবকিছু। এরমধ্যে দায়িত্বশীলদের এমন কিছু কথাবার্তা দলকে সংকটে ফেলে। ফ্রি স্টাইলে যা কিছু বলবেন, এটাতো আওয়ামী লীগ নয়। দলের গঠনতন্ত্র নিয়মকানুন আছে। এগুলোর অ্যাকশন আমরা নেবো। এরই মধ্যে কিছু অ্যাকশন নেওয়া হয়েছে।' আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'বিএনপি নেতারা বিভিন্নজন বিভিন্ন কথা বলেন, কেউ গণতন্ত্র পুনরুদ্ধারের কথা বলেন। আবার কেউ ভারতীয় পণ্য বর্জনের কথা বলেন। সেই পাকিস্তানি আমল থেকে যে ভাষায় আইয়ুব খান কথা বলেছে, আজ সে ভাষায় কথা বলছে বিএনপি। তাদের সব ইস্যুই মার খেয়েছে ভোটে পরাজিত হয়ে। এখন তাদের ইস্যু ভারত বিরোধিতা। অ্যান্টি-ইন্ডিয়া ফোবিয়া তৈরি করার ইস্যু খুঁজে নিয়েছে।' রিজার্ভ নিয়ে বিএনপি মিথ্যাচার করছে জানিয়ে সেতুমন্ত্রী বলেন, 'বিএনপি যখন ক্ষমতা ছেড়ে যায় তখন বাংলাদেশের রিজার্ভ ছিল সাড়ে তিন বিলিয়ন ডলার। আর তারা এখন রিজার্ভ নিয়ে কটাক্ষ করে। যখন রিজার্ভ ২১ বিলিয়ন ডলার অতিক্রম করেছে, ইদ উপলক্ষ্যে সে রিজার্ভ আরো বাড়বে এটাই স্বাভাবিক। তারা না জেনে শুনেই মিথ্যাচার ও অপপ্রচার করছে।' বাজারদর নিয়ে সেতুমন্ত্রী বলেন, 'কিছু পণ্যের দাম কমেছে। বাজার ওঠানামা করবেই। বিশ্ব সংকট এর জন্য দায়ী, আর শাস্তি পাচ্ছি আমরা। আমাদের একজন শেখ হাসিনা আছেন বলেই এ সংকট অতিক্রম করার সাহস আমরা পাচ্ছি। ইনশাআল্লাহ এ সংকট কেটে যাবে।' এসময় চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের কমিটি গঠন নিয়ে দলের সাধারণ সম্পাদক বলেন, 'সম্মেলন করে সেখানে কমিটি গঠন করা হবে। ঢাকা থেকে প্রেস রিলিজ দিয়ে কেন কমিটি গঠন করতে হবে?' আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ইঞ্জিনিয়ার মোশারফ হোসেনের সভাপতিত্বে মত বিনিময় সভায় উপস্থিত ছিলেন দলের সভাপতিমণ্ডলীর সদস্য মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ, মাহবুব উল আলম হানিফ, ডাক্তার দীপু মনি, সাংগঠনিক সম্পাদক আবু সাঈদ আল মাহমুদ স্বপন-সহ চট্টগ্রাম বিভাগের আওয়ামী লীগের নেতারা।

(জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## অভিযোগ আমলে না নিলে প্রয়োজনে ফেসবুক-ইউটিউব বন্ধ : আ ক ম মোজাম্মেল হক

সরকারের অভিযোগ আমলে না নিলে ফেসবুক, ইউটিউবসহ সামাজিক যোগাযোগমাধ্যমগুলো প্রয়োজনে বন্ধ করে দেওয়া হবে বলে সিদ্ধান্ত নিয়েছে আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। রোববার, ৩১শে মার্চ সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সভা শেষে কমিটির সভাপতি সাংবাদিকদের সভার সিদ্ধান্ত জানান। তিনি বলেন, 'গুজব প্রতিরোধ ও সাইবার ক্রাইম নিয়ন্ত্রণে ফেসবুক, ইউটিউব, গুগল-এর হেড অফিস এখানে না থাকার কারণে বিভিন্ন বিষয়ে আমাদের সুপারিশ-কথা তারা শোনেও না। তারা যে শুনছে না সেটা আমরা পাবলিকলি প্রচার করব। প্রয়োজন হলে এগুলো কিছু সময়ের জন্য বন্ধ করে দেওয়া হবে। আন্তর্জাতিক সংস্থাকে আগে প্রোপার নোটিফাই করব, আমাদের অভিযোগ যথাযথভাবে আমলে না নিয়ে তারা এসব ক্রাইম, গুজব অব্যাহত রাখছে এবং তাদের পক্ষ থেকে কোনো উদ্যোগ নেই। প্রথমে তাদের বারবার বলা হবে, দরকার হলে আমরা পত্রিকায় বিজ্ঞাপন আকারেও বলব। যেন এ কথা বিশ্ববাসীর কাছে মনে না হয়, এখানে কোনো মৌলিক অধিকার ব্যাহত হচ্ছে।' মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী বলেন, 'সোশ্যাল মিডিয়ায় আইনের যে বিধানগুলো রয়েছে, কোনো অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া। তারা আমাদের অভিযোগগুলো তদন্ত করে ব্যবস্থা নিচ্ছে না। তাদের এই উদাসীনতা পাবলিক নোটিশের মাধ্যমে জনগণকে অবহিত করা, যদি কখনো এগুলো বন্ধ হয় দায়টা যেন সরকারের ওপর না আসে, তাদের ওপরেই যেন বর্তায়। তাদের আমরা কী অভিযোগ দিলাম সেগুলো যেন মানুষ জানে। আমরা অভিযোগ করে প্রতিকার পাচ্ছি না।' কমিটির সভাপতি আরো বলেন, 'দলীয় প্রতীক অনেক সময় আইন প্রয়োগে হয়তো প্রতিবন্ধকতা সৃষ্টি হতো। এই কমিটি মনে করে দলীয় প্রতীক না থাকায় এবার আইনশৃঙ্খলা বাহিনীকে বিব্রত পরিস্থিতিতে পড়তে হবে না। আইনশৃঙ্খলা বাহিনীকে কঠোরভাবে হুঁশিয়ারি করা হয়েছে, কোনো প্রার্থী নিয়ম ও নির্বাচন কমিশনের আচরণবিধি লঙ্ঘন করলে আইন প্রয়োগের ক্ষেত্রে তারা যেনো শক্ত ভূমিকা পালন করে।' উপজেলা নির্বাচন সামনে রেখে পর্যাপ্ত সংখ্যক ম্যাজিস্ট্রেট নিয়োগ দেওয়ার জন্য জনপ্রশাসন মন্ত্রীকে বলা হয়েছে বলেও জানান মোজাম্মেল হক। তিনি আরো বলেন, 'ভবন নির্মাণের কোড মানা হচ্ছে না, এজন্য বিভিন্ন জায়গায় অগ্নিকাণ্ড হচ্ছে। ভবন থেকে কেমিক্যাল সরাচ্ছে না। এসব ব্যাপারে গভীর উদ্বেগ প্রকাশ করেছে কমিটি। কেমিক্যাল যেন দ্রুত সরানো হয়, সেজন্য শিল্পমন্ত্রী দ্রুত ব্যবস্থা নেবেন। ভবন নির্মাণের ক্ষেত্রে যেনো কোড মেনে চলা হয় সেটাও বলা হয়েছে।' রোহিঙ্গা ক্যাম্পগুলোতে অপরাধ বাড়ছে বলে উদ্বেগ প্রকাশ করা হয়েছে জানিয়ে মন্ত্রী বলেন, 'রোহিঙ্গাদের নিজ দেশে ফিরিয়ে নিতে কূটনৈতিক তৎপরতা জোরদার করা হবে।' মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী বলেন, 'বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতি বিঘ্ন উদ্বেগের কারণ হয়েছে। নিত্যপণ্যের মূল্যের। ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে বলা হয়েছে। তৃণমূল পর্যায়ে মাদকের বিস্তার ঘটেছে, এটা উদ্বেগের কারণ। শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে এ বিষয়ে সচেতনতা বাড়ানোর কথা বলা হয়েছে।' আইনশৃঙ্খলা পরিস্থিতি সরকারের নিয়ন্ত্রণে আছে, স্বাভাবিক আছে দাবি করে মোজাম্মেল হক বলেন, 'অগ্নিকাণ্ডের ক্ষেত্রে যারা দায়িত্বে অবহেলা করেছে,

যারা অনুমোদন দিয়েছে তাদের বিষয়ে খতিয়ে দেখার জন্য তাদের শাস্তির আওতায় আনার জন্য বলা হয়েছে।' স্বরাষ্ট্রমন্ত্রী, মেয়র, পুলিশ এবং যারা হোটেল রেস্তোরাঁ অনুমতি দেয় তাদের নিয়ে দ্রুতই রমজান মাসের মধ্যেই মিটিং করে আরো দিক-নির্দেশনা দেওয়ার সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছেন মন্ত্রিসভা কমিটির সভাপতি। সভায় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেন-সহ কমিটির অন্য সদস্যরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## ঈদের ছুটি একদিন বাড়ানোর সুপারিশ

নির্বিঘ্নে বাড়ি যেতে আগামী ঈদুল ফিতরের ছুটি একদিন বাড়ানোর সুপারিশ করেছে আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। রোববার, ৩১শে মার্চ সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি আগামী ৯ই এপ্রিল ছুটি রাখার সুপারিশ করেছে বলে সাংবাদিকদের জানিয়েছেন কমিটির সভাপতি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। কমিটির সুপারিশ আগামীকাল মন্ত্রিসভা বৈঠকেও উপস্থাপন করা হবে বলে জানিয়েছেন মোজাম্মেল হক। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১০ বা ১১ই এপ্রিল দেশে মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উদযাপিত হবে। তবে সরকার রমজান ৩০ দিন ও ঈদুল ফিতর হচ্ছে ১১ এপ্রিল ধরে আগামী ১০, ১১ ও ১২ই এপ্রিল ঈদের ছুটি নির্ধারণ করেছে। এর আগে ৭ই এপ্রিল শবে কদরের ছুটি রয়েছে। শবে কদরের ছুটির পর ৮ ও ৯ই এপ্রিল অফিস খোলা। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী বলেন, 'শ্রমিকদের বেতন যাতে সময়মতো পরিশোধ করা হয় সে জন্য প্রয়োজনে ব্যাংক বেশিক্ষণ খোলা রেখে, বন্ধের দিনও খোলা রাখার সুবিধা দিতে পারে, যাতে শ্রমিকদের মধ্যে কোনো অসন্তোষ না হয়। শ্রমিকদের যে প্রাপ্য সেগুলো যাতে সময়মতো পরিশোধ হয় সেজন্য স্বরাষ্ট্রমন্ত্রী আগামীকাল মালিকদের সঙ্গে মিটিং করে এ ব্যাপারে ব্যবস্থা নেবেন।' মোজাম্মেল হক বলেন, 'ছুটির ব্যাপারে কাল একটা সুপারিশ যাবে সরকারের কাছে, একদিন বাড়ানো যায় কি না, যাতে মানুষ নির্বিঘ্নে যাতায়াত করতে পারে। ৯ই এপ্রিল ছুটির আওতায় আনা যায় কি না, সেটার একটা সুপারিশ মন্ত্রিপরিষদে যাবে। আগামীকাল মন্ত্রিসভার মিটিং আছে সেই মিটিংয়ে এই কমিটির একটা সুপারিশ যাচ্ছে। ছুটির ক্যালেন্ডার অনুযায়ী ৯ তারিখ খোলা। এজন্য আমরা ৯ এপ্রিল বন্ধ রেখে আগের শনিবার অফিস করতে পারি কি না সেই বিষয়ে সুপারিশ করা হয়েছে।' তিনি আরো বলেন, 'আমরা সুপারিশ করেছি, যদি ১১ই এপ্রিল ইদ হয়, যাওয়ার জন্য একদিন মাত্র সময় পাবে। সেজন্য যানজট বাড়তে পারে, এতে মানুষের দুর্ভোগ বাড়বে। সেজন্য ৯ই এপ্রিল ছুটি বিবেচনা করা যায় কি না এ সুপারিশ আমরা দেবো।' মন্ত্রিসভা কমিটির সভাপতি বলেন, 'অতীতের অভিজ্ঞতায় দেখা গেছে ফিটনেস নেই এমন গাড়ি ইদের সময় চলাচল করে। এসব গাড়ি রাস্তায় গিয়ে বন্ধ হয়ে যাওয়ার কারণে চলাচল ব্যাহত হয়। যাত্রীদের অনেক ভোগান্তি হয়। সেজন্য ফিটনেসবিহীন এসব গাড়ি যাতে চলাচল করতে না পারে সেজন্য আগে থেকেই সতর্ক করা হবে।' মিল-কলকারখানার শ্রমিকদের ছুটির পর একযোগে এসব গাড়ি ভাড়া করার তথ্য পাওয়া গেছে বলেও জানিয়েছেন মোজাম্মেল হক। (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## বুয়েটে নিষিদ্ধ হওয়া ছাত্র রাজনীতি নতুন করে চালু করার পক্ষে দাবি তুলেছে ছাত্রলীগ

ক্যাম্পাসে ছাত্র রাজনীতি চালু করা না করা নিয়ে আবারো আলোচনায় দেশসেরা বিদ্যাপীঠ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, বুয়েট। নতুন করে ঘটনার সূত্রপাত গত ২৮শে মার্চ রাতে। সেদিন ছাত্রলীগের বেশ কয়েকজন কেন্দ্রীয় নেতা বুয়েট ক্যাম্পাসে প্রবেশ করেন। এ নিয়ে শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়। কেননা বিশ্ববিদ্যালয় প্রশাসনের ঘোষণা অনুযায়ী বুয়েটে সব ধরনের ছাত্র রাজনীতি নিষিদ্ধ। নতুন করে বুয়েট ক্যাম্পাসে ছাত্র রাজনীতি চালুর চেষ্টা করা হচ্ছে অভিযোগ জানিয়ে পর দিন, ২৯শে মার্চ দুপুর থেকে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক ভবনের সামনে অবস্থান নেন সাধারণ শিক্ষার্থীরা। এসময় শিক্ষার্থীরা ৬ দফা দাবি তুলে ধরেন। ২৮শে মার্চ রাতে ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাদের প্রবেশে সহায়তাকে বিশ্ববিদ্যালয়ের সুস্পষ্ট বিধিমালা লঙ্ঘন উল্লেখ করে এ অভিযোগে মূল সংগঠক বুয়েটের ২১তম ব্যাচের পুরকৌশল বিভাগের শিক্ষার্থী ইমতিয়াজ রাব্বিকে ক্যাম্পাস থেকে স্থায়ী বহিষ্কার ও হলের সিট বাতিলের দাবি তোলেন শিক্ষার্থীরা। এ দাবির পরিপ্রেক্ষিতে ২৯শে মার্চ রাতেই বুয়েটের রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিনের সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে ইমতিয়াজ রাব্বির হলের সিট বাতিল করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিজ্ঞপ্তিতে জানানো হয়, সার্বিক বিষয়ে তদন্তপূর্বক সুপারিশ দেওয়ার জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হবে। তদন্ত কমিটির রিপোর্ট পাওয়ার পর বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। এদিকে, বুয়েটে নিষিদ্ধ হওয়া ছাত্র রাজনীতি নতুন করে চালু করার পক্ষে দাবি তুলেছে বাংলাদেশ ছাত্রলীগ। এরই অংশ হিসেবে রোববার, ৩১শে মার্চ দুপুরে কেন্দ্রীয় শহিদ মিনারের পাদদেশে সমাবেশ করে সংগঠনটি। সমাবেশে ছাত্রলীগের কয়েক হাজার নেতা-কর্মী যোগ দেন। ছাত্রলীগ বলছে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনৈতিক চর্চা করা ব্যক্তির সাংবিধানিক অধিকার। সমাবেশে ছাত্রলীগ সভাপতি সাদ্দাম হোসেন বলেন, 'ছাত্র রাজনীতি নিষিদ্ধ থাকার নাটক বাংলাদেশ থেকে বন্ধ করতে হবে। অনতিবিলম্বে বুয়েটে ছাত্র রাজনীতি চালু করতে হবে। ছাত্র রাজনীতি নিষিদ্ধের যে আইন বিশ্ববিদ্যালয় প্রশাসন চালু করেছে সেটি কালো আইন। আমরা শহিদ মিনারে দাঁড়িয়ে দাবি তুলছি, বুয়েটে অনতিবিলম্বে ছাত্র রাজনীতি চালু করতে হবে এবং স্বল্পতম সময়ের মধ্যে ছাত্র সংসদ নির্বাচন দিতে হবে।'

(জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

**সর্বজনীন পেনশন ব্যবস্থা নিয়ে উচ্ছ্বাসের ৭ মাস পরই বিশ্ববিদ্যালয় শিক্ষকরা বিপক্ষে**

দেশে প্রথমবারের মতো সর্বজনীন পেনশন ব্যবস্থা চালু করেছে সরকার। গত বছরের ১৭ই আগস্ট এ পেনশন ব্যবস্থার উদ্‌বোধন করা হয়। শুরুর দিকে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ-সমর্থিত সব পেশাজীবী সংগঠন এটিকে সাধুবাদ জানিয়েছিল। সেসময় এ নিয়ে ইতিবাচক মন্তব্য করেন বিশ্ববিদ্যালয়ের আওয়ামী ঘরানার শিক্ষক নেতারাও। অনেক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নেতা, এমনকি উপাচার্যরাও এটিকে যুগান্তকারী উদ্যোগ বলে উল্লেখ করেন। উচ্ছ্বাস জানিয়ে বিভিন্ন পত্র-পত্রিকায় লেখেন কলামও। তবে মাত্র সাত মাস না পেরোতেই নিজেদের অবস্থান থেকে সরে এসেছেন বিশ্ববিদ্যালয় শিক্ষকরা। এখন তারা এটির বিরোধিতা করছেন। কোনোভাবেই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা এমন পেনশন স্কিমে অন্তর্ভুক্ত হতে চাইছেন না। শিক্ষকদের পেনশন স্কিমের আওতার বাইরে রাখার দাবিতে একের পর এক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নেতা দিচ্ছেন বিবৃতি। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃত্বে আন্দোলনে নামার হুঁশিয়ারিও দিয়েছেন তারা। শিক্ষক নেতারা বলছেন, সরকারের সর্বজনীন পেনশন ব্যবস্থা নিয়ে তাদের কোনো আপত্তি নেই। সরকারের এ উদ্যোগটি সর্বসাধারণের জন্য ভালো। তাদের আপত্তি হলো, 'প্রত্যয়' নামে নতুন যে স্কিম ঘোষণা করা হয়েছে, তাতে স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের অন্তর্ভুক্ত করা হয়েছে। এটি নিয়েই তাদের অনুযোগ। নতুন এ স্কিমে অবসরের পর এককালীন অর্থ পাওয়া যাবে না। একই সঙ্গে সরকারি কর্মকর্তাদের তুলনায় বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বৈষম্যের শিকার হতে হবে। এজন্য তারা এ স্কিমে অন্তর্ভুক্ত হতে চান না। পেনশন পেতে চান আগের নিয়মে। তবে জাতীয় পেনশন কর্তৃপক্ষ বলছে, 'প্রত্যয়' স্কিমের মাধ্যমে প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীরা অবসরের পর মাসিক ভাতা পাবেন। আগে প্রভিডেন্ট ফান্ডে সংস্থার দেওয়া অর্থ কর্মচারীর 'কন্ট্রিবিউশন', এরচেয়ে কম হলেও প্রত্যয় স্কিমে প্রতিষ্ঠানকে কর্মীর সমপরিমাণ টাকা জমা দিতে হবে। এমন শর্ত থাকায় পেনশনার অধিক লাভবান হবেন। (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

**প্রতি লিটার ডিজেল-কেরোসিনের দাম ২ টাকা ২৫ পয়সা কমলো**

নতুন স্বয়ংক্রিয় পদ্ধতিতে আন্তর্জাতিক বাজারের সঙ্গে মিল রেখে দেশের বাজারে ডিজেল ও কেরোসিনের দাম লিটারপ্রতি ২ টাকা ২৫ পয়সা কমিয়ে প্রজ্ঞাপন জারি করেছে সরকার। তবে অকটেন ও পেট্রোলের দাম আগের মতোই রয়েছে। নতুন দাম সোমবার, ১লা এপ্রিল থেকে কার্যকর হবে। নতুন দাম অনুযায়ী, ভোক্তা পর্যায়ে প্রতি লিটার ডিজেল ও কেরোসিন ১০৮ টাকা ২৫ পয়সা থেকে কমিয়ে ১০৬ টাকা করা হয়েছে। এক্ষেত্রে প্রতি লিটার ডিজেল ও কেরোসিনে ২ টাকা ২৫ পয়সা কমেছে। আগের মতোই লিটারপ্রতি অকটেনের দাম ১২৬ টাকা এবং পেট্রোলের দাম ১২২ টাকা রয়েছে। সরকার গত ২৯শে ফেব্রুয়ারি জ্বালানি তেলের স্বয়ংক্রিয় পদ্ধতিতে মূল্য নির্ধারণের নির্দেশিকার প্রজ্ঞাপন প্রকাশ করেছে। এরই ধারাবাহিকতায় গত ৭ই মার্চ প্রথম প্রাইসিং ফর্মুলা অনুসারে জ্বালানি তেলের মূল্য সমন্বয়ের প্রজ্ঞাপন প্রকাশ করা হয়েছিল। ওই সময়ে ভোক্তা পর্যায়ে প্রতি লিটার ডিজেল ও কেরোসিন ১০৯ টাকা থেকে কমিয়ে ১০৮ টাকা ২৫ পয়সা, অকটেন ১৩০ টাকা থেকে ১২৬ টাকা এবং পেট্রোলের দাম ১২৫ টাকা থেকে কমিয়ে ১২২ নির্ধারণ করা হয়। তখন প্রতি লিটার ডিজেল ও কেরোসিনে ৭৫ পয়সা, অকটেনে ৪ টাকা ও পেট্রোলে ৩ টাকা কমানো হয়েছিল। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে জানানো হয়েছে, তুলনামূলক চিত্রে দেখা যায় প্রতিবেশী দেশ ভারতের কলকাতায় বর্তমানে ডিজেল লিটার প্রতি ৯০ দশমিক ৭৬ রুপি বা ১৩০ টাকা ৬৯ পয়সা এবং পেট্রোল ১০৯ দশমিক ৯৪ রুপি বা ১৫৮ টাকা ৩১ পয়সায় বিক্রি হচ্ছে, যা বাংলাদেশ থেকে বেশি।

(জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

**২৯ দিনে এলো প্রায় ২০ হাজার কোটি টাকার প্রবাসী আয়**

চলতি মাসের প্রথম ২৯ দিনে বৈধপথে ১৮১ কোটি ৫১ ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় দেশে পাঠিয়েছেন প্রবাসী বাংলাদেশিরা। দেশীয় মুদ্রায় যার পরিমাণ প্রায় ২০ হাজার কোটি টাকা। দৈনিক গড়ে আসছে ৬ কোটি ২৫ লাখ ডলার বা ৬৮৮ কোটি টাকার বেশি। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, চলতি মাস মার্চের ২৯ দিনে ব্যাংকিং চ্যানেলে ১৮১ কোটি ৫১ লাখ ডলার এসেছে। এর মধ্যে রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ২২ কোটি ৭৫ লাখ ডলার বা ২ হাজার ৫০২ কোটি ৫০ লাখ টাকা, বিশেষায়িত একটি ব্যাংকের মাধ্যমে ৩ কোটি ৩০ হাজার মার্কিন ডলার বা ৩৩৩ কোটি টাকার বেশি। বেসরকারি ব্যাংকগুলোর মাধ্যমে ১৫৪ কোটি ৯৮ লাখ ৪০ হাজার ডলার বা ১৭ হাজার ৪৭ কোটি টাকা এবং বিদেশি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ৭৪ লাখ ৪০ হাজার মার্কিন ডলার বা ৮১৭ কোটি টাকা। এর আগে চলতি বছরের প্রথম মাস জানুয়ারিতে ২১০ কোটি বা ২ দশমিক ১০ বিলিয়ন ডলারের রেমিট্যান্স এসেছিল এবং দ্বিতীয় মাস ফেব্রুয়ারিতে এসেছিল ২১৬ কোটি ৬০ লাখ ডলার। ২০২৩ সালের শেষ মাস ডিসেম্বরে এসেছিল ১৯৯ কোটি ডলারের রেমিট্যান্স। গত বছরের প্রথম মাস জানুয়ারিতে রেমিট্যান্স এসেছিল ১৯৫ কোটি ৮৮ লাখ ডলার, ফেব্রুয়ারিতে ১৫৬ কোটি ডলার, মার্চে ২০২ কোটি, এপ্রিলে ১৬৮ কোটি, মে মাসে ১৬৯ কোটি, জুনে ২২০ কোটি, জুলাইয়ে ১৯৭ কোটি, আগস্টে ১৫৯ কোটি ৯৪ লাখ, সেপ্টেম্বর মাসে ১৩৩ কোটি, অক্টোবরে ১৯৭ কোটি, নভেম্বর মাসে এসেছিল ১৯৩

কোটি ডলার এবং শেষ মাস ডিসেম্বরে আসে ১৯৯ কোটি ডলার রেমিট্যান্স। এর আগে ২০২০ সালে হুন্ডি বন্ধ থাকায় ব্যাংকিং চ্যানেলে সর্বোচ্চ সংখ্যক রেমিট্যান্স এসেছিল। ২০২২-২৩ অর্থবছরে ব্যাংকিং চ্যানেলে প্রবাসীরা পাঠিয়েছেন ২ হাজার ১৬১ কোটি মার্কিন ডলারের রেমিট্যান্স। এটি এ যাবৎকালের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ। এর আগে করোনাকালীন ২০২০-২১ অর্থবছরে সর্বোচ্চ দুই হাজার ৪৭৭ কোটি ডলারের রেমিট্যান্স এসেছিল দেশে। অন্যদিকের দেশের মধ্যে ধারাবাহিকভাবে থাকা ডলার সংকটও কিছুটা কমছে। খাত সংশ্লিষ্টরা বলছেন, ডলার সংকট কমে আসার পেছনে কয়েকটি উদ্যোগ কাজে এসেছে। এর অন্যতম হলো বাংলাদেশ ব্যাংকের কড়াকড়ির কারণে আমদানি কমে আসা। একইভাবে ডলারের দাম নিয়ে কড়াকড়ি অবস্থান থেকে সরে আসায় রেমিট্যান্স ও রফতানি আয় বেড়ে যাওয়া। পাশাপাশি টাকার সংকট কিছুটা কমে আসার কারণ হলো ডলারের বিপরীতে টাকা অদলবদলের সুবিধা। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরুর পর থেকেই দেশে ডলারের সংকট শুরু হয়। দুই দেশের এ যুদ্ধের কারণে বিশ্ববাজারে জ্বালানিসহ খাদ্যপণ্যের মূল্যবৃদ্ধি পায়। এতে আমদানি খরচ হঠাৎ বেড়ে যায়। রাশিয়া-ইউক্রেন পরিস্থিতির মধ্যেই ২০২২ সালের জুনে ৮৩৭ কোটি ডলারের আমদানি দায় শোধ করতে হয় বাংলাদেশকে। এরপর ঋণপত্র খোলায় কড়াকড়ি আরোপ করা হয়। এলসি খোলার বিপরীতে শতভাগ পর্যন্ত নগদ টাকা জমা দেওয়ার বাধ্যবাধকতা দেওয়া হয়। এ কারণে কমতে থাকে আমদানি দায়। কয়েক মাসের মধ্যে সবচেয়ে কম আমদানি দায় পরিশোধ হয় গত ফেব্রুয়ারিতে। মাসটিতে আমদানি দায় পরিশোধ হয় ৪৬৭ কোটি ডলারের। তার আগের মাস জানুয়ারিতে আমদানি দায় পরিশোধ হয়েছিল ৫৯৬ কোটি ডলারের। আমদানি দায় পরিশোধ হলো সংশ্লিষ্ট মাসের প্রকৃত ডলার খরচ, সে হিসাবে ডলারের ওপর চাপ কিছুটা কমে আসছে। (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

## ভারতের পেঁয়াজ নিয়ে রাতেই আসবে ট্রেন

ভারত থেকে পেঁয়াজ নিয়ে আজ রাতেই ট্রেন বাংলাদেশে আসবে। প্রথম চালানে এক হাজার ৬৫০ টন পেঁয়াজ আসবে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। রোববার, ৩১শে মার্চ বাণিজ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত 'দ্রব্যমূল্য ও বাজার পরিস্থিতি পর্যালোচনা' বিষয়ক টাস্কফোর্সের সভা শেষে তিনি সাংবাদিকদের এ তথ্য জানান। বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, 'ট্রেডিং কর্পোরেশন আব বাংলাদেশ, টিসিবির মাধ্যমে ঢাকা ও চট্টগ্রামে এই পেঁয়াজ ৪০ টাকা কেজি দরে বিক্রি করা হবে।' তিনি বলেন, যেহেতু পেঁয়াজ পচনশীল পণ্য সেহেতু আমরা ধরে রাখবো না। আমরা ৪০ টাকা নির্ধারিত মূল্যে ঢাকা এবং চট্টগ্রামে ওপেন সেল করবো।' ঢাকা ও চট্টগ্রামে বিক্রি করার কারণ জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, 'আমরা যদি ঢাকায় ৪০ টাকা কেজি পেঁয়াজ বিক্রি শুরু করি, আমি বিশ্বাস করি ৬৪ জেলার অন্তত ৩০টি জেলায় পেঁয়াজের কেজি ৪০ টাকায় চলে আসবে।' তিনি বলেন, 'গত এক বছরে আন্তর্জাতিক বাজারে চালের দাম ২৫ শতাংশ বাড়লেও আমাদের স্থানীয় বাজারে ২ থেকে ৪ শতাংশের বেশি দাম বাড়েনি। গত এক মাসে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত সয়াবিন তেল এবং পাম অয়েলের দাম ১১ থেকে ১৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। আন্তর্জাতিক বাজারে তেলের দাম বৃদ্ধি পেলেও আমাদের আমদানিকারক এবং মিলমালিকদের সহযোগিতায় ১৬৩ টাকায় ১ লিটার এবং ১৪৯ টাকা খোলা বাজারে তেল বিক্রি করতে সমর্থ হয়েছি।' তিনি আরো বলেন, 'সব জিনিসের দাম কমে গেছে। আপনারা যদি দেখেন সয়াবিন তেলের দাম প্রায় ৩ দশমিক ৮১ শতাংশ প্রথম রমজান থেকে ১৮ তম রমজানে এই কম্পিরিজনেই দাম দেওয়া হয়েছে। আমাদের কৃষি বিপণন অধিদফতরের মহাপরিচালক উপস্থিত আছেন। যদিও তিনি ২৯টি পণ্যের যৌক্তিক মূল্য নির্ধারণ করে সেটা প্রকাশ করায় অনেক বিতর্কের শিকার হয়েছেন। আমরা সরু চাল, চিকন চাল এবং মোটা চাল এই পদ্ধতি থেকে বের হয়ে এসে জাতভিত্তিক চালের নাম মিলার পর্যায়ে, পাইকারি পর্যায়ে বিক্রি এবং খুচরা পর্যায়ে বিক্রির একটি রূপরেখা তৈরি হয়েছে।' তিনি বলেন, আমরা কৃষি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয় মিলে এটা কার্যকর করে জানিয়ে দেবো। আগামী পহেলা বৈশাখ থেকে এটা কার্যকরী হবে। সকলের সম্মিলিত চেষ্টায় আমরা বাজারদর সহনশীল পর্যায়ে রাখতে পেরেছি আশা করি আগামী ইদ পর্যন্ত এটা ধরে রাখতে পারবো।' তিনি আরো বলেন, 'আমাদের এখানে বিভিন্ন সরকারি প্রতিনিধি আছেন। আপনারা জানেন তাদের সাথে আমাদের আলাপ হয়েছে। কীভাবে যৌক্তিক মূল্যটা দীর্ঘসময় ধরে রাখতে পারি সেটা নিয়ে আলোচনা হয়েছে। কিছু চ্যালেঞ্জ আমাদের সামনে আছে। আপনারা অবহিত আছেন পরিবহন তার মধ্যে অন্যতম একটা চ্যালেঞ্জ। সেটা নিয়ে আমরা কাজ করছি আমাদের বিভিন্ন এজেন্সি কাজ করছে।' টিটু বলেন, 'আমার এনবিআর-এর সাথেও কথা হয়েছে আগামী বাজেটের আগেই এসেনসিয়াল কমোডিটি যেগুলো সেগুলো যেন সারা বছরের জন্য একটা যৌক্তিক পর্যায়ে রাখতে পারি। যাতে শেষ মুহূর্তে এসে আমাদের যেন পরিকল্পনার কারেকশন করতে না হয়। একই সঙ্গে আমাদের আমদানিকারক ও উৎপাদক আছে তাদের জন্য ১২ মাসের একটা পরিকল্পনা হলে সবার জন্য সুবিধা হয়।' তিনি বলেন, 'আন্তর্জাতিক বাজারের যে অবস্থাই হোক আমাদের আগামী দুই থেকে তিন মাস অর্থাৎ কোরবানির ইদ পর্যন্ত পণ্যের সরবরাহ বিশেষ করে ভোজ্যতেল যথেষ্ট পরিমাণে আমদানি করা হয়েছে বা সাপ্লাই চেইনে আছে। চিনি নিয়েও আমাদের কোন সমস্যা নাই। চিনি নিয়ে সকল মিলমালিক এবং পাইকারি বিক্রেতারা আশ্বস্ত করেছেন। নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র নিয়েও কোন সমস্যা হবে না। বাজারে কৃষিজ উৎপাদিত পণ্যের বাজার দরও

অনেকটা যৌক্তিক পর্যায়ে চলে এসেছে। কিছু পণ্যের যৌক্তিক যে দাম নির্ধারণ করা হয়েছে তার থেকেও কম দামে বিক্রি করা হচ্ছে। এটা রমজানে অনেকের জন্য সাশ্রয়ী।' তিনি আরো বলেন, 'টিসিবির মাধ্যমে এক কোটি পরিবারকে যে চাল, চিনি, তেল, ডাল ও ছোলা দেওয়া হচ্ছে এটাতে বাজারে, বিশেষ করে উপজেলা শহরগুলোতে একটি ইতিবাচক প্রভাব পড়েছে। সেটার একটা সুফল বাজার পাচ্ছে। একই সাথে বাজারে নতুন সবজি ওঠায় সবজির বাজারেও স্বস্তি লক্ষ্য করছি। যদিও শহরের দুই-একটা জায়গায় আপনারা একটু-আধটু সমস্যা খুঁজে পান।' গত বছরের আগস্টে ভারতের বাজারে সরবরাহ স্বাভাবিক রাখতে পেঁয়াজ রফতানিতে সরকার ৪০ শতাংশ শুল্কারোপ করে। এরপর গত অক্টোবরে পেঁয়াজের সর্বনিম্ন রফতানিমূল্য নির্ধারণ করা হয় টনপ্রতি ৮০০ মার্কিন ডলার। কিন্তু অভ্যন্তরীণ বাজারে পেঁয়াজের সরবরাহ বাড়াতে এসব পদক্ষেপ খুব বেশি কার্যকর না হওয়ায় গত ৭ই ডিসেম্বর পেঁয়াজ রফতানি পুরোপুরি বন্ধ করে দেয় ভারত সরকার। চলতি বছরের ৩১শে মার্চ পর্যন্ত পেঁয়াজ রফতানির ওপর নিষেধাজ্ঞা আরোপ করে ভারতের ডিরেক্টরেট জেনারেল অব ফরেন ট্রেড বা বৈদেশিক বাণিজ্য বিষয়ক মহাপরিচালকের কার্যালয়। ভারতের এ নিষেধাজ্ঞার পর বাংলাদেশের বাজারে হু হু করে বাড়ে পেঁয়াজের দাম। খুচরা পর্যায়ে প্রতি কেজি মুড়ি কাটা পেঁয়াজের দাম ওঠে ১৪০ টাকা পর্যন্ত। এমন পরিস্থিতিতে বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু জানান, 'বাংলাদেশকে ভারত ৫০ হাজার টন পেঁয়াজ দেবে। অবশ্য ভারতের পেঁয়াজ না এলেও বাজারে দেশি পেঁয়াজের সরবরাহ বেড়েছে। তাতেই ধারাবাহিকভাবে কমছে পেঁয়াজের দাম। কিছুদিন আগে যে পেঁয়াজের কেজি ১৩০ থেকে ১৪০ টাকা ছিল এখন সেই পেঁয়াজের কেজি ৫৫ থেকে ৬০ টাকা।' (জাগো এফএম ওয়েব পেজ : ৩১.০৩.২০২৪ প্রতীক)

# BBC

**PEACE IS NOT MADE WITH ARMS, SAYS POPE IN EASTER PLEA**

Pope Francis has used his traditional Easter message to call for a ceasefire in the Gaza Strip and for the return of Israeli hostages held by Hamas. The 87-year-old pontiff led Easter Mass at the Vatican in front of thousands, despite concerns over his health. Referring to conflicts around the world, the Pope pleaded not to "yield to the logic of weapons and rearming". "Peace is never made with arms, but with outstretched hands and open hearts," he said. Tens of thousands of worshippers gathered in St Peter's Square to hear the Pope. (BBC Web Page: 31/03/24, FARUK)

**CAR BOMB TEARS THROUGH CROWDED SYRIAN MARKET**

At least seven people have been killed in a car bombing which targeted a busy market in northern Syria. Several more were injured in the attack in the town of Azaz in Aleppo province, near the Turkish border. It is unclear who carried out the attack in the town which is run by pro-Turkish militias fighting Syrian President Bashar al-Assad. Turkish forces and their proxies control large areas of Syria along the border the two countries share. The White Helmets, a volunteer rescue group which operates in Syria, said two children were among the dead. (BBC Web Page: 31/03/24, FARUK)

**EIGHT CHINESE MIGRANTS FOUND DEAD ON MEXICO BEACH**

The bodies of eight Chinese nationals have been found on a beach in the Mexican state of Oaxaca after their boat capsized, officials say. The bodies were found on Friday along a route used by illegal migrants trying to reach the United States. The seven women and a man were on board a boat operated by a Mexican that set off from Chiapas state, on the border with Guatemala, on Thursday. One other person survived. It was not clear what happened the boat's driver. The number of migrants attempting to enter the US from Mexico has been increasing in recent years. (BBC Web Page: 31/03/24, FARUK)

**BATTLE TO RUN ISTANBUL BECOMES KEY TO TURKEY'S FUTURE**

Millions of Turks are voting in elections to decide who runs their biggest cities - and whether President Recep Tayyip Erdogan can wrest back control from the opposition. Turkey's economic and social powerhouse, Istanbul, was won by a united opposition five years ago under popular mayor Ekrem Imamoglu, shattering the president's long run of electoral success. Now Mr Erdogan, who was born in this megacity of 16 million people, wants it back and the vote is on a knife-edge. (BBC Web Page: 31/03/24, FARUK)

**UN OBSERVERS WOUNDED BY SHELLING IN SOUTHERN LEBANON**

Three United Nations observers and a translator have been wounded by shelling in Rmeish, southern Lebanon, the UN peacekeeping mission said. Lebanon's state news agency reported that an Israeli drone strike was behind the explosion, but the Israeli military denied it was responsible. The UN mission, Unifil, said those hurt were receiving treatment and that

it was investigating the blast's origin. It comes after rising tensions along the unofficial Israel-Lebanon border. (BBC Web Page: 31/03/24, FARUK)

**US SENDS WEAPONS TO ISRAEL DESPITE GAZA TOLL UNEASE**

Despite a week of tensions with Israel over its conduct of the Gaza War, Washington is reported to have authorized arms transfers to its ally worth billions of dollars. These include more than 1,800 MK84 2,000lb (900kg) bombs and 500 MK-82 500lb bombs, as well as 25 F35A fighter jets, The Washington Post and Reuters news agency have said. The larger bombs have previously been linked to air strikes in Gaza causing mass casualties. Washington gives $3.8bn in annual military assistance to Israel. But the latest package comes as the Biden administration's has been raising concerns about rising civilian deaths in Gaza and humanitarian access to the territory, which the UN says is on the verge of famine. (BBC Web Page: 31/03/24, FARUK)

**FDA ISSUES ALERT ON HEART PUMP LINKED TO 49 DEATHS**

The US Food and Drug Administration (FDA) has issued its highest-level alert about a heart pump that has been linked to 49 deaths and 129 injuries. The Impella left sided pumps are used to temporarily suspend a patient's heart during high-risk procedures or after a severe heart attack. But the regulator warned it could puncture a wall in the heart's left ventricle if used incorrectly. The device's manufacturer, Abiomed, has issued new instructions for the pump. (BBC Web Page: 31/03/24, FARUK)

**OPPOSITION PROTESTS OVER KEJRIWAL'S ARREST BEFORE ELECTION**

Top leaders of India's opposition coalition and thousands of supporters have rallied in the capital, decrying autocracy in protest against the arrest of a senior colleague ahead of the general election. Arvind Kejriwal, chief minister of Delhi and a key leader in an opposition alliance formed to challenge Prime Minister Narendra Modi, was arrested and jailed earlier in March in connection with a long-running corruption probe. Kejriwal's government is accused of receiving kickbacks while handling out liquor licences to private companies. A court on Thursday extended Kejriwal's custody until April 1. Kejriwal, 55, denies the charges. His Aam Aadmi Party (AAP) says the liquor policy case is fabricated and politically motivated. (BBC Web Page: 31/03/24, FARUK)

## ::The End::